Ⓒ CH_4 Ⓓ N_2

Solve টেকনিক: কোন গ্যাসের আনবিক ভর যত বেশি, আদর্শ গ থেকে বিচ্যুতি তত বেশি।

$M_{HCl} = 36.5$ $M_{He} = 4$
$M_{CH_4} = 16$ $M_{N_2} = 28$

এখানে HCl এর আণবিক ভর বেশি। তাই এর বিচ্যুতি বেশি হবে।

37. H_2, O_2, CH_4 এবং NH_3 গ্যাসের ভ্যান্ডার ওয়াল্‌স ধ্রুবক `a` এর যথাক্রমে 0.24, 1.36, 1.39, 2.25 এবং 4.17 $atmL^2mol^{-2}$ হলে গ্যাসটিকে সহজে তরলীকরণ করা যাবে? [SUST-B : 19-20]

Ⓐ O_2 Ⓑ H_2 Ⓒ N_2
Ⓓ CH_4 Ⓔ NH_3

Solve টেকনিক: যে গ্যাসের ভ্যান্ডার ওয়াল্‌স ধ্রুবক a এর মান তাকে সহজেই তরলে পরিণত করা যায়। NH_3 গ্যাসের a এর মান বেশি এ গ্যাসের তরলীকরণ সহজে ঘটে।

Part 5 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. কোন অ্যাসিডিটির অনুবন্ধী ক্ষারক সবচেয়ে দুর্বল? [GST-A : 22-23]

Ⓐ CH_3COOH Ⓑ $ClCH_2COOH$
Ⓒ $Cl_2CHCOOH$ Ⓓ Cl_3CCOOH

Ans Ⓓ Solve জৈব অ্যাসিড এর কার্বনিল মূলকের সাথে যত বেশি তীব্র ইলেকট্রন আকর্ষনকারী পরমানু বা মূলক যুক্ত থাকবে অনুবন্ধী ক্ষারকের তীব্রতা তত কমবে। Cl_3CCOOH এসিডে ইলেকট্রন আকর্ষনকারী মূলক বেশি যুক্ত থাকায় Cl_3CCOOH অ্যাসিডটি অনুবন্ধী ক্ষারক সবচেয়ে দুর্বল ক্ষারক।

02. 27°C তাপমাত্রায় He গ্যাসের RMS কো কত? (R = গ্যাস ধ্রুবক) [GST-A : 22-23]

Ⓐ $15\sqrt{R}$ Ⓑ $4.5\sqrt{R}$ Ⓒ $30\sqrt{\frac{R}{2}}$ Ⓓ $9\sqrt{\frac{R}{2}}$

Ans Solve

$C = \sqrt{\frac{3RT}{M}}$

$= \sqrt{\frac{3 \times R \times 300}{4}} = 15\sqrt{R}$

$T = 27 + 273 = 300\ K$
$M = 4$
$R =$ গ্যাস ধ্রুবক
$C = ?$

03. আদর্শ পানির DO এর পরিসীমা কত? [GST-A : 21-22]

Ⓐ 0–3 mgL^{-1} Ⓑ 4–8 mgL^{-1} Ⓒ 9–12 mgL^{-1} Ⓓ 13-16 mgL^{-1}

Ans Ⓑ Solve নমুনা পানির অক্সিজেন সম্পৃক্তকরণে ঐ পানিতে দ্রবীভূত অক্সিজেনের (Dissolved Oxygen) পরিমাণকে DO বলা হয়। আদর্শ পানির DO পরিসীমা $(4 - 8)\ mgL^{-1}$

04. 35°C তাপমাত্রায় 2g CO_2 অণুর গতিশক্তি কত? (R = আদর্শ গ্যাস ধ্রুবক) [GST-A : 20-21]

Ⓐ 10.5R Ⓑ 21R Ⓒ 42R Ⓓ 63R

Ans Ⓑ Solve n মোল গ্যাসের অণুর গতিশক্তি, $E = \frac{3}{2} n RT$

$\therefore 2g$ বা, $\frac{2}{44}$ মোল CO_2 " " $E = \frac{3}{2} \times \frac{2}{44} \times R \times 308$

$= 21R$

05. HPO_4^{2-} এর অনুবন্ধী ক্ষার কোনটি? [GST-A : 20-21]

Ⓐ $H_2PO_4^-$ Ⓑ PO_4^{3-}
Ⓒ HPO_3^{2-} Ⓓ $H_2PO_3^-$

Ans Ⓑ Solve অনুবন্ধী ক্ষার: কোনো এসিড হতে 1টি H^+ আয়ন অপসারণ করলে যে যৌগ বা মূলক পাওয়া যায় তাকে উক্ত এসিডের অনুবন্ধী ক্ষার বলে। HPO_4^{2-} মূলক হতে 1টি H^+ আয়ন অপসারণ করলে PO_4^{3-} মূলকটি পাওয়া যায় যা HPO_4^{2-} এর অনুবন্ধী ক্ষার।

06. কোন ভারী ধাতুর বিষাক্ততায় শিশুর IQ হ্রাস পায়? [KU-A : 19-20]

Ⓐ As Ⓑ Cd Ⓒ Cr Ⓓ Pb

Ans Ⓓ Solve লেডের বিষক্রিয়ার প্রভাব :

i. লেড হিমোগ্লোবিন উৎপাদনে বাধা দেয়। ফলে অ্যানিমিয়া বা রক্তশূন্যতা দেখা দেয়।

ii. লেডের বিষক্রিয়ায় দাঁতের মাড়ি নীলাভ হয়।

iii. সাত বছরের কম বয়সী শিশুর লেড বিষাক্ততার মস্তিষ্কের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হয়। ফলে শিশুর বুদ্ধিবৃত্তি বা IQ হ্রাস পায়।

07. বৃষ্টির সময় বজ্রপাতের ফলে মাটিতে কোন লবণের পরিমাণ বৃদ্ধি পায়? [KU-A : 19-20]

Ⓐ Cl^- Ⓑ NO_3^- Ⓒ OH^- Ⓓ SO_4^{-2}

Ans Ⓑ Solve বজ্রপাতের সময় বায়ুস্থ N_2 এবং O_2 যুক্ত হয়ে নাইট্রিক অক্সাইড (NO) গঠিত হয়। NO, বাতাসের অক্সিজেনের সাথে যুক্ত হয়ে NO_2 তৈরি হয় যা বৃষ্টির পানির সাথে বিক্রিয়ায় HNO_3 তৈরি করে। উৎপন্ন HNO_3 বৃষ্টির পানির সাথে মাটিতে পড়ে এবং মাটির ক্ষারকীয় পদার্থের সাথে বিক্রিয়া করে নাইট্রেট লবণ উৎপন্ন করে।

08. একটি অজ্ঞাত গ্যাসের ব্যাপন হার অ্যামোনিয়া গ্যাসের ব্যাপন হারের 2.92 গুণ হলে গ্যাসটির আণবিক ভর কত? [KU-A : 19-20]

Ⓐ 0.17 Ⓑ 0.50 Ⓒ 1.99 Ⓓ 5.82

Ans Ⓒ Solve গ্রাহামের ব্যাপন সূত্র মতে, $\frac{r_1}{r_2} = \sqrt{\frac{M_2}{M_1}}$

$\Rightarrow 2.92 = \sqrt{\frac{17}{M_1}}$

$\Rightarrow 8.52 = \frac{17}{M_1} \Rightarrow M_1 = 1.99$

09. ট্রাপোসফেয়ারে কোন গ্রিন হাউজ গ্যাসের জীবনকাল তুলনামূলক দীর্ঘ? [KU-A : 19-20]

Ⓐ CO_2 Ⓑ CFC Ⓒ NO_X Ⓓ CH_4 **Ans Ⓑ**

10. কোনটি এলপিজি এর প্রধান উপকরণ? [KU-A : 19-20]

Ⓐ ইথেন ও প্রপেন Ⓑ বিউটেন ও প্রপেন
Ⓒ মিথেন ও ইথেন Ⓓ মিথেন ও বিউটেন

Ans Ⓑ Solve LPG এর মূল উপাদান হলো n – বিউটেন, প্রোপন, iso-বিউটেন, বিউটিন।

11. কোনো পানির নমুনায় দ্রবীভূত O_2 এর ঘনমাত্রা 2×10^{-4} M হলে ppm এককে এর মান কত? [CoU-A : 19-20]

Ⓐ 2.0 ppm Ⓑ 2.5 ppm Ⓒ 4.4 ppm Ⓓ 6.4 ppm

Ans Ⓓ Solve O_2 এর ঘনমাত্রা 2×10^{-4}M

gm/L-এ O_2 এর ঘনমাত্রা $= 2 \times 10^{-4} \times 32 = 6.4 \times 10^{-3}$

ppm বা mg/L এ O_2 এর ঘনমাত্রা $= 6.4 \times 10^{-3} \times 1000 = 6.4$

12. কোনটি লুইস ক্ষারক? [CoU-A : 18-19]

Ⓐ $CH_3–CH_3$ Ⓑ $H_2C = CH_2$ Ⓒ $AlCl_3$ Ⓓ $FeCl_3$

Ans Ⓑ Solve ইথিনে কার্বন-কার্বন দ্বিবন্ধন বিদ্যমান। ইলেকট্রনসমৃদ্ধ দ্বিবন্ধন লুইস ক্ষারক হিসেবে কাজ করে। তাই ইথিন লুইস ক্ষারক।

$AlCl_3$ এবং $FeCl_3$ হলো লুইস এসিড।

13. বোতল গ্যাস বা LP গ্যাসের সিলিন্ডারে কী থাকে? [CoU-A : 18-19]

Ⓐ C_3H_8 ও C_2H_5 Ⓑ CH_4 ও C_3H_6 Ⓒ C_3H_8 ও C_4H_{10} Ⓓ CH_4 ও N_2

Ans Ⓒ Solve বোতল গ্যাস বা LP গ্যাসের সিলিন্ডার থাকে - প্রেপেন, আইসোবিউটেন, বিউটেন এবং বিউটাইলিন।

14. ওজোন স্তরের ভাঙন ঘটায় নিচের কোনটি? [CoU-A : 18-19]

Ⓐ NO Ⓑ NO_2 Ⓒ Cl_2 Ⓓ CH_2F_2

Ans Ⓐ Solve ওজোনস্তর ক্ষয়কারী পদার্থের মধ্যে CFC হলো প্রধান। CFC ছাড়া N_2O, NO, CH_4, হ্যালোজেনসমূহ, BCF, CH_3Br ও CCl_4 ওজোনস্তর ধ্বংস করে থাকে।

15. EDTA পদ্ধতিতে পানির খরতা নির্ণয়ের সময় দ্রবণের pH কত হবে? [CoU-A : 18-19]

Ⓐ 7.0 Ⓑ 10.0 Ⓒ 6.6 Ⓓ 5.5 **Ans Ⓑ**

16. আদর্শ গ্যাসের ক্ষেত্রে শর্ত হচ্ছে - [IU-D : 19-20]

Ⓐ $\left(\frac{dP}{dV}\right) T = 0$ Ⓑ $\left(\frac{dV}{dT}\right) P = 0$ Ⓒ $dE = 0$ Ⓓ $\left(\frac{dE}{dV}\right) T = 0$

Ans Ⓓ Solve আদর্শ গ্যাসের ক্ষেত্রে, স্থির তাপমাত্রায় গ্যাসের অভ্যন্তরীণ শক্তি (E) এর আয়তনের (V) উপর নির্ভরশীল নয়।

অর্থাৎ $\left(\frac{E}{V}\right)_T = 0$

17. WHO অনুমোদিত পানি দূষণের COD এর সর্বোচ্চ মাত্রা- [IU-D : 19-20]

Ⓐ 20.0 mg/1 Ⓑ 15.0 mg/1 Ⓒ 10.0 m g/1 Ⓓ 0.5. mg/1

Ans Ⓒ Solve

মানদন্ড	WHO অনুমোদিত মাত্রা
pH	6.5 - 8.5
DO	5.0 - 6.0
BOD	6.0 ppm
COD	10.0 ppm
TDS	500 ppm

18. STP তে O_2 এর RMS গতিবেগ- [IU-D : 19-20]

Ⓐ 46.134 m/s Ⓑ 461.34m/s Ⓒ 561.34m/s Ⓓ 600.50m/s

Solve STP তে, গ্যাস ধ্রুবক $R = 8.314\ Jmol^{-1}k^{-1}$,

$T = 273\ K.$

O_2 এর মোলার ভর, $M = 32\ gmol^{-1}$

$\therefore$ R.M.S বেগ $= \sqrt{\frac{3 \times 8.314 \times 273}{32 \times 10^{-3}}} = 461.3\ ms^{-1}$

19. স্থির তাপমাত্রায় r.m.s বেগের সঠিক ক্রম- [IU-D : 19-20]

Ⓐ $H_2 > N_2 > CO_2$ Ⓑ $CO_2 > N_2 > H_2$ Ⓒ $N_2 > CO_2 H_2$ Ⓓ $N_2 > H_2 > CO_2$

Solve R.M.S বেগ $= \sqrt{\frac{3RT}{M}}$, অর্থাৎ, r.m.s বেগ আণবিক ভরের বর্গের ব্যস্তানুপাতিক।

H_2, N_2, CO_2 এর আণবিক ভর যথাক্রমে 2, 28, 44.

20. রান্নার জন্য সিলিন্ডারে কোন গ্যাস ভর্তি করা হয়? [JKKNIU-B : 19-20]

Ⓐ পেট্রোল Ⓑ কেরোসিন

Ⓒ মিথেন ও প্রোপেন Ⓓ বিউটেন ও প্রোপেন Ans Ⓓ

21. স্থির তাপমাত্রায় গ্যাসের চাপ বাড়ালে ঘনত্বের মান কী রূপ হয়? [JKKNIU-B : 19-20]

Ⓐ বাড়ে Ⓑ কমে Ⓒ শূন্য হয় Ⓓ অপরিবর্তিত থাকে

Solve বয়েলের সূত্রানুসারে,

$PV = K =$ ধ্রুবক; যখন, T স্থির

বা, $\frac{P}{d} =$ ধ্রুবক $\left[\text{ঘনত্ব } d \propto \frac{1}{V}, V = \text{আয়তন}\right]$

বা, $P \propto d$

স্থির তাপমাত্রায় চাপ ঘনত্বের সমানুপাতিক।

22. নিম্নের কোনটি এসিড ও ক্ষার উভয় হিসেবে কাজ করে? [JKKNIU-B : 19-20]

Ⓐ CO_3^{2-} Ⓑ HNO_3 Ⓒ DH_3 Ⓓ HSO_4^- Ans Ⓓ

23. প্রমাণ তাপমাত্রা ও চাপে (STP) কোন গ্যাসের 1.0 গ্রাম সবচেয়ে বেশি আয়তন দখল করে? [BU-A : 19-20]

Ⓐ N_2 Ⓑ H_2 Ⓒ O_2 Ⓓ Ar Ans Ⓑ

24. কোন তাপমাত্রায় অণুসমূহের গতিশক্তি প্রায় শূন্য হয়ে যায়? [SHUBD-Science : 19-20]

Ⓐ $-273°C$ Ⓑ $0°C$ Ⓒ $273K$ Ⓓ $-273K$ Ans Ⓐ

25. কোনটি গ্রিনহাউজ গ্যাস নয়? [SHUBD-Science : 19-20]

Ⓐ CO Ⓑ CO_2 Ⓒ CH_4 Ⓓ CFC Ans Ⓐ

26. কোন গ্যাসটি এসিড রেইনের জন্য দায়ী? [SHUBD-Science : 19-20]

Ⓐ CO Ⓑ SO_2 Ⓒ CH_4 Ⓓ CFC Ans Ⓑ

27. H_2, O_2, CH_4, N_2 এবং NH_3 গ্যাসের ভ্যাভার ওয়াল্‌স ধ্রুবক `a` এর মান যথাক্রমে 0.24, 1.36, 1.39, 2.25 এবং 4.17 $atmsL^2mol^{-2}$ হলে কোন গ্যাসটিকে সহজে তরলীকরণ করা যাবে? [SUST-B : 19-20]

Ⓐ O_2 Ⓑ H_2 Ⓒ N_2 Ⓓ CH_4 Ⓔ NH_3

Solve টেকনিক: যে গ্যাসের ভ্যাভার ওয়াল্‌স ধ্রুবক a এর মান বেশি তাকে সহজেই তরলে পরিণত করা যায়। NH_3 গ্যাসের a এর মান বেশি হলে এ গ্যাসের তরলীকরণ সহজে ঘটে।

28. একটি পাত্রে 27°C তাপমাত্রায় 1.0 atm চাপে কিছু CO_2 গ্যাস আছে। গ্যাসটির ঘনত্ব কত $g.L^{-1}$? [SUST-A : 19-20]

Ⓐ 1.786 Ⓑ 19.85 Ⓒ 0.0176 Ⓓ 0.287 Ⓔ 0.893

Solve

গ্যাসের ঘনত্ব, $d = \frac{PM}{RT}$

$= \frac{1.0 \times 44}{0.0821 \times 300} = 1.786$

$P = 1.0$ atm
$M = 44$
$R = 0.0821\ Latm\ mol^{-1}k^{-1}$
$T = (27 + 273) = 300\ K$

29. 2.0 মোল লবণ ও 3.0 মোল পানির মিশ্রণে পানির মোল ভগ্নাংশ কত? [MBSTU-C : 19-20]

Ⓐ 1.67 Ⓑ 0.4 Ⓒ 5.0 Ⓓ 0.6

Solve

মোল ভগ্নাংশ $= \frac{\text{উপাদানের (এক্ষেত্রে পানির) মোলসংখ্যা}}{\text{দ্রব ও দ্রাবকের মোট মোলসংখ্যা}} = \frac{3}{2+3} = \frac{3}{5} = 0.6$

30. স্থির তাপমাত্রায় ও 1 atm চাপে কোনো নির্দিষ্ট ভরের অক্সিজেন গ্যাসের আয়তন 4.15 L হয়। ঐ অক্সিজেন গ্যাসের চাপ বৃদ্ধি করে 3 atm করা হল। তখন ঐ গ্যাসের আয়তন কত হবে? [NSTU-A : 19-20]

Ⓐ 1.26 L Ⓑ 2.26 L Ⓒ 1.5 L Ⓓ 3.15 L

Solve $P_1V_1 = P_2V_2$ বা, $V_2 = \frac{P_1V_1}{P_2} = \frac{1 \times 4.15}{3} = 1.38$

31. গাড়ির কালো ধোঁয়ায় উপস্থিতি বিষাক্ত গ্যাস? [HSTU-A : 19-20]

Ⓐ CO Ⓑ CO_2 Ⓒ SO_2 Ⓓ CFC Ans Ⓐ

32. 30°C তাপমাত্রায় ও 740 mm(Hg) চাপে 0.96 g একটি গ্যাস 300 mL আয়তন দখল করে। গ্যাসটির আণবিক ভর কত? [NSTU-A : 19-20]

Ⓐ 50.84 Ⓑ 59.84 Ⓒ 41.66 Ⓓ 81.66

Solve $T = (30 + 273) = 303K$

$P = \frac{740}{760}$ atm, $W = 0.96g$, $V = 300\ mL = 0.3\ L$,

$R = 0.082L\ atm\ K^{-1}\ mol^{-1}$

$\therefore M = \frac{WRT}{PV} = \frac{0.96 \times 0.082 \times 303 \times 760}{740 \times 0.3} = 81.66$

33. 273 K তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন 100.0 L। স্থির চাপে আয়তন কমিয়ে যদি 50.0 L করা হয় তাহলে গ্যাসের নতুন তাপমাত্রা কত হবে? [PUST-A : 19-20]

Ⓐ 119 K Ⓑ 137 K Ⓒ 153 K Ⓓ 169 K

Solve

$\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2} \Rightarrow T_2 = \frac{T_1 V_2}{V_1} = \frac{273 \times 50}{100} = 136.5\ K$

34. নিচের কোনটি ওজোন স্তর ক্ষয়কারী নয়? [JUST-FBSTA : 19-20]

Ⓐ $CFCl_3$ Ⓑ CH_4 Ⓒ SO_4 Ⓓ N_2O

Solve গ্রিনহাউস গ্যাসসমূহ : CO_2, CH_4, CFC, O_3, N_2O (নাইট্রাস অক্সাইড), জলীয় বাষ্প।

35. বায়ুমণ্ডল N_2 এর আংশিক চাপ কত? [JUST-FBSTA : 19-20]

Ⓐ 1 atm Ⓑ 0.78 atm Ⓒ 0.21 atm Ⓓ 1.14 atm

Solve বায়ুমণ্ডলের মোট চাপ 1 atm ও এতে 78.09% N_2 বিদ্যমান। তাই N_2 এর আংশিক চাপ $= 1 \times 78.09$ atm $= 78.09$ atm

36. তাপমাত্রা স্থির রেখে 2.63 atm চাপে 1250 ml আয়তন বিশিষ্ট একটি গ্যাসকে প্রমাণ চাপে আনা হলে তার আয়তন কত হবে? [JUST-FBSTA : 19-20]

Ⓐ 3997.6 ml Ⓑ 2996.7 ml Ⓒ 9337.6 ml Ⓓ 4997.6 ml

Solve $P_1V_1 = P_2V_2$

$\Rightarrow V_2 = \frac{P_1V_1}{P_2} = \frac{2.63 \times 1250}{1} = 3287.5\ mL$

[N.B→ প্রারম্ভিক আয়তন 1250 না হয়ে 1520 হলে উত্তর Option A হত]

37. কোনটি উভধর্মী? [BSFMSTU-A : 19-20]

Ⓐ HCO_3^- Ⓑ CO_3^{2-} Ⓒ H_3O^+ Ⓓ NH_3

Solve ক্ষারক হিসেবে : $\underset{\text{ক্ষারক}}{HCO_3^-} + \underset{\text{অম্ল}}{H_2O} \rightleftharpoons H_2CO_3 + OH^-$

অম্ল হিসেবে : $\underset{\text{অম্ল}}{HCO_3^-} + \underset{\text{ক্ষারক}}{HO^-} \rightleftharpoons CO_3^{2-} + H_2O$

38. ধ্রুবক তাপমাত্রায়, কোন গ্যাসের চাপ এক-তৃতীয়াংশ কমানো হলে আয়তন [BSFMSTU-A : 19-20]

Ⓐ এক-তৃতীয়াংশ কমবে Ⓑ তিনগুণ বাড়বে

Ⓒ একই থাকবে Ⓓ ছয়গুণ বাড়বে

Solve বয়েলের সূত্রানুসারে,

$P_1V_1 = P_2V_2 \Rightarrow V_2 = \frac{P_1V_1}{P_2} = \frac{P_1V_1}{P_{1/3}} = 3\ V_1$

39. নিম্নের কোনটি এসিড বৃষ্টির জন্য দায়ী? [RSTU-C : 19-20]

Ⓐ CO Ⓑ N_2 Ⓒ N_2O Ⓓ SO_2

Solve এসিড বৃষ্টি সৃষ্টিতে প্রধান ভূমিকা রাখে SO_2 এবং SO_3। পানির সাথে বিক্রিয়ায় সালফিউরাস ও সালফিউরিক এসিড তৈরি করে। এছাড়াও NO এবং NO_2 এসিড বৃষ্টির সৃষ্টি ঘটায়।

Part 6 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. বায়ুমণ্ডলকে কয়টি স্তরে বিভক্ত করা হয়?
Ⓐ চারটি Ⓑ দুটি Ⓒ পাঁচটি Ⓓ তিনটি Ans Ⓐ

02. কোন স্থানের আবহাওয়া ও জলবায়ুকে নিয়ন্ত্রণ করে কোনটি?
Ⓐ স্ট্রাটোস্ফিয়ার এর বায়ুমণ্ডল Ⓑ ট্রপোস্ফিয়ার এর বায়ুমণ্ডল
Ⓒ আয়নোস্ফিয়ার এর বায়ুমণ্ডল Ⓓ মেসোস্ফিয়ার Ans Ⓑ

03. বায়ুমণ্ডলের স্ট্রাটোস্ফিয়ার স্তরের প্রধান উপাদান হলো-
Ⓐ অক্সিজেন Ⓑ নিয়ন
Ⓒ ওজোন Ⓓ কার্বন ডাইঅক্সাইড Ans Ⓒ

04. বায়ুমণ্ডলের শীতলতম অঞ্চল কোনটি?
Ⓐ মেসোস্ফিয়ার Ⓑ আয়নোস্ফিয়ার
Ⓒ ট্রপোস্ফিয়ার Ⓓ স্ট্রাটোস্ফিয়ার Ans Ⓐ

05. মেসোস্ফিয়ার এর উচ্চতা কত কি.মি. পর্যন্ত বিস্তৃত?
Ⓐ 5–10 Ⓑ 10–40 Ⓒ 50–100 Ⓓ 150–200 Ans Ⓒ

06. বায়ুমণ্ডলের কোন স্তরের তাপমাত্রা সর্বাপেক্ষা বেশি?
Ⓐ ট্রপোস্ফিয়ার Ⓑ স্ট্রাটোস্ফিয়ার
Ⓒ মেসোস্ফিয়ার Ⓓ থার্মোস্ফিয়ার Ans Ⓓ

07. বায়ুমণ্ডলের হোমোস্ফিয়ারে নিচের কোনটি থাকে না?
Ⓐ আর্গন Ⓑ O_2 Ⓒ O Ⓓ CH_4 Ans Ⓒ

08. আমেরিকাতে ঘূর্ণিঝড়কে কী বলা হয়?
Ⓐ হারিকেন Ⓑ টাইফুন
Ⓒ সাইক্লোন Ⓓ গোর্কি Ans Ⓐ

09. বিস্তীর্ণ এলাকার বায়ু হঠাৎ উপরের দিকে উঠে গেলে কী সৃষ্টি করে?
Ⓐ অতিরিক্ত তাপ Ⓑ অতিরিক্ত চাপ
Ⓒ বায়ু শূন্যতার Ⓓ বায়ু আধিক্য Ans Ⓒ

10. বিস্তীর্ণ এলাকার বায়ুশূন্যতা সৃষ্টি হলে কী ঘটে?
Ⓐ ঘূর্ণিঝড় সৃষ্টি হয় Ⓑ খরা সৃষ্টি হয়
Ⓒ বৃষ্টিপাত ঘটে Ⓓ শীত পড়ে Ans Ⓐ

11. ভূ-পৃষ্ঠ হতে কত উচ্চতা পর্যন্ত অদৃশ্য গ্যাসীয় আবরণ পৃথিবীকে ঘিরে রেখেছে
Ⓐ 160 m Ⓑ 1600 m Ⓒ 160 km Ⓓ 1600 km Ans Ⓓ

12. ভূ-পৃষ্ঠের গ্যাসীয় আবরণের মোট ভর কত?
Ⓐ 5.5×10^{12} টন Ⓑ 5.5×10^{13} টন
Ⓒ 5.5×10^{14} টন Ⓓ 5.5×10^{15} টন Ans Ⓓ

13. ভূ-থেকে উপরের দিকে বায়ুর ঘনত্ব-
Ⓐ কমতে থাকে Ⓑ বাড়তে থাকে
Ⓒ অপরিবর্তিত থাকে Ⓓ হঠাৎ বৃদ্ধি পায় Ans Ⓐ

14. SATP তে তাপমাত্রা কত?
Ⓐ 298°C Ⓑ 25°C Ⓒ 0°C Ⓓ 298K Ans Ⓑ, Ⓓ

15. SI পদ্ধতিতে চাপের একক কী?
Ⓐ Pa Ⓑ অ্যাটমোসফিয়ার
Ⓒ Nm^{-2} Ⓓ $dyne/cm^2$ Ans Ⓒ

16. 1 atm = কত প্যাসকেল?
Ⓐ 1.01325×10^2 Ⓑ 1.01325×10^{-2}
Ⓒ 1.01325×10^5 Ⓓ 1.01325×10^{-5} Ans Ⓒ

17. STP তে 1 মোল SO_2 গ্যাসের আয়তন কত?
Ⓐ $22.4dm^3$ Ⓑ 24.789L
Ⓒ 224L Ⓓ 22400 dm^3 Ans Ⓐ

18. নিচের কোন সমীকরণটি বয়েলের সূত্র প্রকাশ করে?
Ⓐ $P_1T_1 = P_2T_2$ Ⓑ $P_1/T_1 = P_2/PT_2$
Ⓒ $P_1V_1 = P_2V_2$ Ⓓ $\frac{P_1}{V_1} = \frac{P_2}{V_2}$ Ans Ⓒ

19. একটি ফুটবলকে পাম্প করার সময় তার ভেতরের গ্যাসের আয়তন ও চাপ দুই-ই বাড়ে। এ ঘটনা বয়েলের সূত্রের-
Ⓐ বয়েলের সূত্র প্রযোজ্য নয় Ⓑ বিরোধী নয়
Ⓒ আংশিক বিরোধী Ⓓ বিরোধী Ans Ⓑ

20. তাপমাত্রার সাথে আয়তন পরিবর্তনশীল হয় কোন্‌টিতে?
Ⓐ বয়েলের সূত্র Ⓑ চার্লসের সূত্র
Ⓒ ডাল্টনের আংশিক চাপ সূত্র Ⓓ গ্রাহামের ব্যাপন সূত্র Ans Ⓑ

21. কোনটি পরমশূন্য তাপমাত্রা?
Ⓐ 0°C Ⓑ –273°C Ⓒ 25°C Ⓓ 273K Ans Ⓑ

22. – 273°C-এ N_2 এর মোলার আয়তন কত dm^3?
Ⓐ 0 Ⓑ 6.023
Ⓒ 22.4 Ⓓ 24.789 Ans Ⓐ

23. তাপমাত্রা বৃদ্ধি করলে গ্যাসের-
Ⓐ আয়তন বৃদ্ধি পায় Ⓑ আয়তন অপরিবর্তিত থাকে
Ⓒ আন্তঃআণবিক শক্তি বৃদ্ধি পায় Ⓓ আয়তন হ্রাস পায় Ans Ⓐ

24. গ্যাসের আয়তন কোনটির উপর নির্ভর করে?
Ⓐ তাপমাত্রা ও চাপ Ⓑ শুধু তাপমাত্রা
Ⓒ শুধু চাপ Ⓓ ঘনমাত্রা Ans Ⓐ

25. স্থির উষ্ণতায়, গ্যাসের চাপ বাড়ালে ঘনত্বের মান-
Ⓐ বাড়ে Ⓑ কমে
Ⓒ শূন্য হয় Ⓓ অপরিবর্তিত থাকে Ans Ⓐ

26. গ্যাস আদর্শ হলে নিচের কোন লেখচিত্রটি অনুসরণ করবে?
Ⓐ PV বনাম P লেখচিত্র PV অক্ষের সমান্তরাল হবে
Ⓑ PV বনাম P লেখচিত্র P অক্ষের সমান্তরাল হবে
Ⓒ P বনাম V লেখচিত্র V অক্ষের সমান্তরাল হবে
Ⓓ V বনাম PV লেখচিত্র V অক্ষের সমান্তরাল হবে Ans Ⓑ

27. একই তাপমাত্রা ও চাপে একই আয়তনের বিভিন্ন গ্যাসে সমসংখ্যক অণু বর্তমান। এ উক্তিটি নিচের কোনটির মাধ্যমে প্রতিষ্ঠা করা যায়?
Ⓐ ডাল্টনের আংশিক চাপসূত্র Ⓑ চার্লসের সূত্র
Ⓒ গে-লুসাকের আয়তন সূত্র Ⓓ আদর্শ গ্যাস সমীকরণ Ans Ⓓ

28. প্রমাণ অবস্থায় 1 মোল গ্যাসের আয়তন-
Ⓐ $22.4\ m^3$ Ⓑ $22.4 \times 10^{-3}\ m^3$
Ⓒ $22400\ m^3$ Ⓓ $22.4 \times 10^3\ m^3$ Ans Ⓑ

29. মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা হলো-
Ⓐ কাজ^1 K^{-1} মোল$^{-1}$ Ⓑ কাজ K^{-1} মোল$^{-1}$
Ⓒ কাজ K^{-1} মোল Ⓓ কাজ^1 K মোল$^{-1}$ Ans Ⓑ

30. মোলার গ্যাস ধ্রুবকের সঠিক একক কোনটি?
Ⓐ L atm^{-1} mol^{-1} K^{-1} Ⓑ L atm^{-1} mol K^{-1}
Ⓒ erg K^{-1} Ⓓ Latm mol^{-1} K^{-1} Ans Ⓓ

31. SI এককে R এর মান কত?
Ⓐ 0.082L atm $mol^{-1}K^{-1}$ Ⓑ 1.987 cal $mol^{-1}K^{-1}$
Ⓒ 8.314 J $mol^{-1}K^{-1}$ Ⓓ 8.312 erg $mol^{-1}K^{-1}$ Ans Ⓒ

32. SI এককে বোল্টজম্যান ধ্রুবকের মান–
Ⓐ 6.023×10^{23} Ⓑ 6.023×10^{-23}
Ⓒ 1.38×10^{-23} Ⓓ 1.36×10^{-25} Ans Ⓒ

33. STP তে 1L গ্যাসের ভর 1.43 g. গ্যাসটি কী?
Ⓐ H_2 Ⓑ O_2 Ⓒ N_2 Ⓓ CO_2 Ans Ⓑ

34. SATP তে গ্যাসের মোলার আয়তন কত?
Ⓐ 22.4 L Ⓑ 22.8 L
Ⓒ 24.4 L Ⓓ 24.8 L Ans Ⓓ

Headended Admission Notes & pdf Version

35. STP তে গ্যাসের মোলার আয়তন কত?
Ⓐ 22.4 L Ⓑ 22400 cc
Ⓒ 24.8 dm^3 Ⓓ 24800 mL Ans A,B

36. 1 গ্রাম ক্লোরিনের মধ্যে কত মোল Cl_2 রয়েছে?
Ⓐ 0.014 mol Ⓑ 1.0 mol
Ⓒ 0.2 mol Ⓓ 0.4 mol Ans A

37. STP-তে 10 সি.সি. NH_3 গ্যাসের অণু সংখ্যা এবং 10 সি.সি. O_2 গ্যাসের অণুর সংখ্যা-
Ⓐ সমান Ⓑ দ্বিগুণ Ⓒ অর্ধেক Ⓓ চারগুণ Ans A

38. গ্যাস অণুসমূহের মধ্যে সংঘর্ষের ফলে কীসের সৃষ্টি হয়?
Ⓐ মেঘের Ⓑ চাপের
Ⓒ আয়তনের Ⓓ ঘনমাত্রার Ans B

39. CO_2 গ্যাসের সন্ধি তাপমাত্রা কত?
Ⓐ –240°C Ⓑ -80°C
Ⓒ 31.1°C Ⓓ 118.8°C Ans C

40. নিম্নের কোন তাপমাত্রায় CO_2 গ্যাস তরল হয় না?
Ⓐ 31.1°C Ⓑ 28.5°C
Ⓒ 32°C Ⓓ 30°C Ans C

41. নিচের কোনটি শুষ্ক বায়ুর তুলনায় ভারী?
Ⓐ He Ⓑ আর্দ্র বায়ু
Ⓒ আর্দ্র নাইট্রোজেন Ⓓ নাইট্রাস অক্সাইড Ans D

42. ডাল্টনের আংশিক চাপ সূত্রের গাণিতিক প্রকাশ হবে-
Ⓐ $P = P_1 + P_1 + ...$ Ⓑ $PV = P_1 + P_1 + ...$
Ⓒ $P = X_1 + Y_1 + ...$ Ⓓ $PV = X_1 + Y_1 + ...$ Ans A

43. A ও B গ্যাসের মোল সংখ্যা যথাক্রমে 10 ও 30, মিশ্রণের মোট চাপ 12 atm হলে A গ্যাসের আংশিক চাপ–
Ⓐ 3 atm Ⓑ 9 atm
Ⓒ 16 atm Ⓓ 48 atm Ans A

44. 6 মোল O_2 এবং 14 মোল N_2 গ্যাস মিশ্রণের চাপ 200 mm হলে অক্সিজেনের আংশিক চাপ কত?
Ⓐ 60 mm Ⓑ 65 mm
Ⓒ 50 mm Ⓓ 55 mm Ans A

45. 4.0 g CH_4 এবং 24 g O_2 গ্যাসের মিশ্রণে CH_4 এর মোল ভগ্নাংশ কত?
Ⓐ 0.25 Ⓑ 0.5
Ⓒ 0.75 Ⓓ 0.33 Ans A

46. 1.0 L আয়তনের একটি পাত্রে 0.25 g O_2, 0.25 g N_2 এবং 0.25 g CO_2 গ্যাস মিশ্রিত আছে। মিশ্রণে কোন গ্যাসটির আংশিক চাপ সর্বাধিক?
Ⓐ O_2 Ⓑ N_2 Ⓒ CO_2 Ⓓ O_2 এবং N_2 Ans B

47. বায়ুমণ্ডলে N_2 এর আংশিক চাপ কত?
Ⓐ 10 atm Ⓑ 0.78 atm
Ⓒ 0.21 atm Ⓓ 0.14 atm Ans B

48. সমভরের CH_4 ও H_2 কে শূন্যপাত্রে 25°C এ রাখা হলো। H_2 এর আংশিক চাপ মোট চাপের কত ভগ্নাংশ হবে–
Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{9}$
Ⓒ $\frac{8}{9}$ Ⓓ $\frac{16}{17}$ Ans C

49. কোনটি স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া?
Ⓐ ব্যাপন Ⓑ নিঃসরণ
Ⓒ কোনটিই নয় Ⓓ উভয়টিই Ans A

50. ব্যাপন হারের সাথে সম্পর্ক বিদ্যমান-
Ⓐ তুল্য ভরের Ⓑ পারমাণবিক ভরের
Ⓒ আণবিক ভরের Ⓓ গ্রাম পারমাণবিক ভরের Ans C

51. কোনটি গ্রাহামের ব্যাপন সূত্র?
Ⓐ $r_1\sqrt{M_1} = r_2\sqrt{M_2}$ Ⓑ $r \propto \frac{1}{M}$
Ⓒ $\frac{r_1}{r_2} = \frac{\sqrt{M_1}}{\sqrt{M_2}}$ Ⓓ $r \propto \sqrt{M}$ Ans A

52. কোন গ্যাসটি দ্রুত ব্যাপিত হবে?
Ⓐ ফ্লোরিন Ⓑ অক্সিজেন
Ⓒ নিয়ন Ⓓ ক্লোরিন Ans C

53. কোন গ্যাসদ্বয়ের ব্যাপনের হার সমান?
Ⓐ N_2 ও CO Ⓑ C_2H_4 ও O_2
Ⓒ N_2 ও O_2 Ⓓ CO ও O_2 Ans A

54. NH_3, CO_2, O_2 ও H_2 এর মধ্যে ব্যাপনের হারের সম্পর্ক–
Ⓐ $r_{H_2} > r_{O_2} > r_{NH_3} > r_{CO_2}$ Ⓑ $r_{H_2} > r_{NH_3} > r_{O_2} > r_{CO_2}$
Ⓒ $r_{H_2} > r_{NH_3} > r_{CO_2} > r_{O_2}$ Ⓓ $r_{CO_2} > r_{O_2} > r_{NH_3} > r_{H_2}$ Ans B

55. স্থির তাপমাত্রায় r.m.s বেগের সঠিক ক্রম কোনটি?
Ⓐ $H_2 > N_2 > CO_2$ Ⓑ $CO_2 > N_2 > H_2$
Ⓒ $N_2 > CO_2 > H_2$ Ⓓ $N_2 > H_2 > CO_2$ Ans A

56. আদর্শ গ্যাসের গতীয় সমীকরণ কোনটি?
Ⓐ $PV = nRT$ Ⓑ $PV = \frac{1}{3}mNc^2$
Ⓒ $PV = RT$ Ⓓ $PV = P_1V_1$ Ans B

57. 1 মোল গ্যাসের গতিশক্তি কোনটি?
Ⓐ $\frac{3}{2}\frac{RT}{N_A}$ Ⓑ $\frac{3}{2}nRT$ Ⓒ $\frac{3}{2}R$ Ⓓ $\frac{3}{2}RT$ Ans D

58. কোন সমীকরণটি সঠিক নয়?
Ⓐ $E_k = \frac{3}{2}PV$ Ⓑ $E_k = \frac{2}{3}RT$
Ⓒ $E_k = \frac{1}{2}MC^2$ Ⓓ $E_k = \frac{3}{2}\frac{RT}{M}$ Ans B

59. একটি অণুর গতিশক্তির সমীকরণ কোনটি?
Ⓐ $\frac{3RT}{2N_A}$ Ⓑ $\frac{3nRT}{2}$ Ⓒ $\frac{3RT}{2}$ Ⓓ 3nRT Ans A

60. দুটি গ্যাসের গড় গতিশক্তি কখন সমান হয়?
Ⓐ চাপ সমান হয় Ⓑ আণবিক ভর সমান হয়
Ⓒ তাপমাত্রা সমান হয় Ⓓ আয়তন সমান হয় Ans C

61. 302 K তাপমাত্রায় 3 gm N_2 এর মোট গতিশক্তি কত?
Ⓐ 403 J Ⓑ 806 J
Ⓒ 831 J Ⓓ 1612 J Ans A

62. T K তাপমাত্রায় হাইড্রোজেনের বর্গমূল গড় বর্গ বেগ নাইট্রোজেনের $\sqrt{7}$ গুণ হলে, নিচের কোনটি সঠিক?
Ⓐ $\sqrt{7}\,T(H_2) = T(N_2)$ Ⓑ $\sqrt{7}\,T(H_2) > T(N_2)$
Ⓒ $T(H_2) < T(N_2)$ Ⓓ $T(H_2) = \sqrt{7}\,T(N_2)$ Ans C

63. 4g হাইড্রোজেনের গ্যাসের জন্য আদর্শ গ্যাস সমীকরণ কোনটি?
Ⓐ $PV = nRT$ Ⓑ $PV = RT$
Ⓒ $PV = 2RT$ Ⓓ $PV = 4RT$ Ans C

64. 8 g He গ্যাসের জন্য আদর্শ গ্যাস সমীকরণ কোনটি?
Ⓐ $PV = nRT$ Ⓑ $PV = RT$
Ⓒ $PV = 2RT$ Ⓓ $2PV = RT$ Ans C

Download to Admission pictures & pdf Collection

65. 32 g O_2 গ্যাসের জন্য আদর্শ সমীকরণ কী?
Ⓐ PV =nRT Ⓑ PV = RT
Ⓒ PV = 2RT Ⓓ PV = 32 RT Ans Ⓑ

66. 44 g CO_2 এর জন্য আদর্শ গ্যাস সমীকরণ কোনটি?
Ⓐ PV = RT Ⓑ PV = 4RT
Ⓒ PV = 2RT Ⓓ 2PV = RT Ans Ⓐ

67. ভ্যানডার ওয়ালস সমীকরণের ধ্রুবক 'a' দ্বারা বোঝায়–
Ⓐ গ্যাসের গতিশক্তি Ⓑ আন্তঃআণবিক আকর্ষণ
Ⓒ গ্যাসের আয়তন Ⓓ আন্তঃআণবিক বিকর্ষণ Ans Ⓑ

68. কোন শর্তে একটি বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের মতো আচরণ করে?
Ⓐ উচ্চ তাপমাত্রা এবং নিম্ন চাপে
Ⓑ উচ্চ তাপমাত্রা এবং উচ্চ চাপে
Ⓒ নিম্ন তাপমাত্রা এবং উচ্চ চাপে
Ⓓ নিম্ন তাপমাত্রা এবং নিম্ন চাপে Ans Ⓐ

69. উচ্চচাপে ভ্যানডার ওয়ালস সমীকরণটি-
Ⓐ $PV = RT + b$ Ⓑ $PV = \frac{aRT}{V^2}$
Ⓒ $P = \frac{RT}{V-b}$ Ⓓ $PV = RT\frac{a}{V}$ Ans Ⓒ

70. NTP- তে একটি আদর্শ গ্যাসের সংকোচনশীলতা গুণাংক (Z) এর মান কত?
Ⓐ 2.0 Ⓑ 1.5 Ⓒ 1.0 Ⓓ 3.0 Ans Ⓒ

71. নিচের কোন গ্যাসের সংকোচনশীলতা ফ্যাক্টর $Z > 1$ হয়?
Ⓐ H_2 Ⓑ CO_2 Ⓒ NH_3 Ⓓ Cl_2 Ans Ⓐ

72. STP তে কোনো গ্যাসের সংকোচন ধ্রুবকের মান 1 অপেক্ষা ছোট। সুতরাং
Ⓐ $V_m > 22.4$ L Ⓑ $V_m = 22.4$ L
Ⓒ $V_m = 44.82$ Ⓓ $V_m < 22.4$ L Ans Ⓓ

73. নিচের কোন গ্যাসের ক্ষেত্রে ভ্যানডার ওয়ালস ধ্রুবক a এর মান সর্বোচ্চ-
Ⓐ H_2 Ⓑ N_2 Ⓒ CO_2 Ⓓ NH_3 Ans Ⓓ

74. কোন গ্যাসটি আদর্শ গ্যাসের ধর্ম থেকে সবচেয়ে বেশি বিচ্যুতি দেখায়?
Ⓐ HCl Ⓑ He Ⓒ CH_4 Ⓓ N_2 Ans Ⓐ

75. গ্রিন হাউজ প্রভাবের জন্য সবচেয়ে বেশি দায়ী কোন গ্যাস?
Ⓐ CFC Ⓑ CH_4
Ⓒ CO_2 Ⓓ NO_2 Ans Ⓒ

76. বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধিতে কোন গ্যাসটির ভূমিকা সবচেয়ে বেশি?
Ⓐ CO_2 Ⓑ NO_2 Ⓒ CH_4 Ⓓ NH_3 Ans Ⓐ

77. নিচের কোনটি গ্রিন হাউজ গ্যাস নয়?
Ⓐ CO_2 Ⓑ CH_4 Ⓒ N_2O Ⓓ O_2 Ans Ⓓ

78. কোনটি বৈশ্বিক উষ্ণতার জন্য অধিক দায়ী?
Ⓐ N_2O Ⓑ CFC Ⓒ O_3 Ⓓ CO_2 Ans Ⓓ

79. গ্রিন হাউজ গ্যাস কোনটি?
Ⓐ N_2 Ⓑ CCl_2F_2
Ⓒ জলীয় বাষ্প Ⓓ H_2 Ans Ⓑ,Ⓒ

80. গ্রিন হাউজ গ্যাসগুলোর মধ্যে নিম্নের কোনটি বায়ুমণ্ডলে সবচেয়ে বেশি থাকে?
Ⓐ CH_4 Ⓑ CO_2 Ⓒ O_3 Ⓓ CFC Ans Ⓑ

81. কোনগুলো গ্রিন হাউজ গ্যাস, যা বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী?
Ⓐ CH_4, C_2, CFC Ⓑ CFC, N_2, CO_2
Ⓒ N_2O, CFC, CH_4, CO_2 Ⓓ CO_2, N_2, O_2, CH_4 Ans Ⓒ

82. বায়ুমণ্ডলে কোন গ্যাসটির শতকরা পরিমাণ ক্ষেত্র বিশেষে বেশি মাত্রায় পরিবর্তন হয়?
Ⓐ নাইট্রোজেন Ⓑ অক্সিজেন
Ⓒ জলীয় বাষ্প Ⓓ কার্বন ডাইঅক্সাইড Ans Ⓒ

83. কোকাকোলা, ফান্টা, স্প্রাইট ইত্যাদি খেতে টক লাগে কারণ এসিড হিসেবে এতে বর্তমান থাকে–
Ⓐ HCl Ⓑ সাইট্রিক এসিড
Ⓒ ট্যাং Ⓓ কার্বন ডাইঅক্সাইড Ans Ⓓ

84. ফ্রেয়ন-12 এর সংকেত কোনটি?
Ⓐ CF_3Cl Ⓑ CCl_3F
Ⓒ CCl_2F_2 Ⓓ $F_2ClC-CClF_2$ Ans Ⓒ

85. ওজোনস্তর ক্ষয়ের জন্য কোন গ্যাসটি দায়ী?
Ⓐ CH_2FCl Ⓑ CF_2Cl_2
Ⓒ $F_2C-CHCl_2$ Ⓓ $CHFCl_2$ Ans Ⓑ

86. এসিড বৃষ্টির জন্য দায়ী-
Ⓐ O_2 Ⓑ CO Ⓒ CO_2 Ⓓ SO_2 Ans Ⓓ

87. এসিড বৃষ্টির জন্য নিচের কোনটি অধিক দায়ী?
Ⓐ NO Ⓑ NO_2
Ⓒ SO_2 Ⓓ SO_3 Ans Ⓒ

88. কোন গ্যাসটি ওজোন স্তরকে ধ্বংস করে?
Ⓐ নাইট্রিক এসিড Ⓑ কার্বনমনোক্সাইড
Ⓒ জলীয় বাষ্প Ⓓ সিএফসি Ans Ⓓ

89. এক অণু সিএফসি কয়টি ওজোন অণুকে ধ্বংস করে?
Ⓐ 10টি Ⓑ 100টি
Ⓒ 1000টি Ⓓ 100000টি Ans Ⓓ

90. এসিড বৃষ্টির কারণে জলাশয়ের পানিতে নিচের কোন আয়ন সৃষ্টি হয় যা মাছের মৃত্যুর প্রধান কারণ?
Ⓐ Al^{3+} Ⓑ Fe^{2+} Ⓒ Fe^{3+} Ⓓ Ca^{2+} Ans Ⓐ

91. যে রাসায়নিক সত্তা প্রোটন দান করে তাকে কী বলা হয়?
Ⓐ এসিড Ⓑ ক্ষারক Ⓒ লবণ Ⓓ দ্রবণ Ans Ⓐ

92. (i) $HCl + HCO_3^- \rightleftharpoons H_2CO_3 + Cl^-$
(ii) $HCO_3^- + H_2O \rightleftharpoons H_3O^+ + CO_3^{2-}$
উদ্দীপক অনুসারে উভধর্মী পদার্থ কোনটি?
Ⓐ HCl Ⓑ H_2O
Ⓒ HCO_3^- Ⓓ CO_3^{2-} Ans Ⓒ

93. কোনটি লুইস এসিড?
Ⓐ NH_3 Ⓑ $AlCl_3$
Ⓒ H_2O Ⓓ C_2H_4 Ans Ⓑ

94. কোনটি HCO_3^- এর অনুবন্ধী ক্ষারক?
Ⓐ H_2CO_3 Ⓑ CO Ⓒ CO_3^{2-} Ⓓ CO_2 Ans Ⓒ

95. $NH_3 + HCl \rightleftharpoons NH_4^+ + Cl^-$; বিক্রিয়ায় অনুবন্ধী ক্ষারক কোনটি?
Ⓐ NH_3 Ⓑ HCl
Ⓒ NH_4^+ Ⓓ Cl^- Ans Ⓓ

96. নিচের কোনটি লুইস ক্ষার?
Ⓐ NF_3 Ⓑ BF_3
Ⓒ $AlCl_3$ Ⓓ CO_2 Ans Ⓐ

97. নিচের কোনটি OH^- আয়নের অনুবন্ধী এসিড?
Ⓐ H_3O^+ Ⓑ H_2O Ⓒ O^{2-} Ⓓ O_2 Ans Ⓑ

98. কোন জোড়া লুইস এসিড?
Ⓐ H_2O ও $AlCl_3$ Ⓑ $AlCl_3$ ও BF_3
Ⓒ BF_3 ও NH_3 Ⓓ NH_3 ও $AlCl_3$ Ans Ⓑ

99. $HCO_3^- + H_2O \rightarrow$ উৎপাদ এর বিক্রিয়ায় H_2O এর অনুবন্ধী অম্ল কোনটি?
Ⓐ HCO_3^- Ⓑ H_2CO_3
Ⓒ CO_3^{2-} Ⓓ H_3O^+ Ans Ⓓ

100. H_2CO_3 এর অনুবন্ধী ক্ষারক কোনটি?
Ⓐ H_2CO_3 Ⓑ CO_3^{2-}
Ⓒ H_3^+O Ⓓ $H_2CO_3^+$ Ans Ⓑ

Hemanta Kumar Sarkar's pdf collection

101.নিচের কোনটি লুইস ক্ষারক?
Ⓐ $AlCl_3$ Ⓑ CO Ⓒ $FeCl_3$ Ⓓ SO_3 Ans Ⓑ

102.NO_3^- এর অনুবন্ধী এসিড হলো-
Ⓐ HNO_3 Ⓑ HNO_2 Ⓒ HNO_3^- Ⓓ NO_3^- Ans Ⓑ

103.কোন এসিড বেশি তীব্র এসিড?
Ⓐ CH_3COOH Ⓑ CH_3CH_2COOH
Ⓒ CH_3CH_2COOH Ⓓ HCOOH Ans Ⓓ

104. HSO_4^- এর অনুবন্ধী এসিড কোনটি?
Ⓐ H_3^+O Ⓑ H_2SO_4 Ⓒ HSO_3^- Ⓓ SO_4^{2-} Ans Ⓑ

105.লুইস তত্ত্ব অনুযায়ী এসিড কোনটি?
Ⓐ BF_3 Ⓑ NH_3 Ⓒ CH_3I Ⓓ PH_3 Ans Ⓐ

106.CH_3–COOH ক্ষারক হিসেবে কাজ করে কার উপস্থিতিতে?
Ⓐ H–COOH Ⓑ H_2CO_3 Ⓒ NH_3 Ⓓ H_2SO_4 Ans Ⓓ

107.$H_2CO_3 + H_2O \Leftrightarrow HCO_3^- + H_3O^+$ বিক্রিয়ার অনুবন্ধী অম্ল জোড়-
Ⓐ H_2CO_3, HCO_3^- Ⓑ H_3O^+, H_2CO_3
Ⓒ H_3O^+, H_2O Ⓓ H_2O, HCO_3^- Ans Ⓑ

108.কোন এসিডটি সবচেয়ে শক্তিশালী?
Ⓐ H_3PO_4 Ⓑ HNO_3
Ⓒ H_2CO_3 Ⓓ H_2SO_4 Ans Ⓓ

109.OH^- এর অনুবন্ধী এসিড কোনটি?
Ⓐ H_3O^+ Ⓑ H_2O Ⓒ O^{2-} Ⓓ O_2 Ans Ⓑ

110.নিচের কোনটি সর্বাপেক্ষা দুর্বল অনুবন্ধী ক্ষারক?
Ⓐ CO_3^{2-} Ⓑ SO_4^{2-} Ⓒ NO_3^+ Ⓓ ClO_4^- Ans Ⓓ

111.কৃষি কাজে সারফেস ওয়াটারের বিশুদ্ধতার মানদণ্ড কোনটি?
Ⓐ TDS Ⓑ pH Ⓒ COD Ⓓ BOD Ans Ⓑ

112.পানিতে কোনটি দ্রবীভূত থাকলে পানি স্থায়ী খর হয়?
Ⓐ বাইকার্বনেট লবণসমূহ Ⓑ ক্লোরাইড ও সালফেট লবণসমূহ
Ⓒ নাইট্রেট লবণসমূহ Ⓓ গ্যাসীয় উপাদানসমূহ Ans Ⓑ

113.একটি পুকুরের পানির DO মান 4.0 পানিটি হলো-
Ⓐ বিশুদ্ধ পানি Ⓑ দূষিত Ⓒ মৃদু পানি Ⓓ খর পানি Ans Ⓐ

114.পানিতে অণুজীব বেঁচে থাকার জন্য (DO) এর পরিমাণ থাকে-
Ⓐ (2–3) ppm Ⓑ (4–8) ppm
Ⓒ (6–15) ppm Ⓓ (20–25) ppm Ans Ⓑ

115.মিঠা পানিতে প্রয়োজনীয় কী বর্তমান থাকায় মাছের জন্য তা গ্রহণ করা সহজ হয়?
Ⓐ দ্রবীভূত অক্সিজেন Ⓑ দ্রবীভূত নাইট্রোজেন
Ⓒ দ্রবীভূত কার্বনডাইঅক্সাইড Ⓓ দ্রবীভূত সালভার Ans Ⓐ

116.কোন ধরনের দূষক পানিতে দ্রবীভূত অক্সিজেন (DO) এর পরিমাণ হ্রাস করে?
Ⓐ অজৈব দূষক Ⓑ জৈব দূষক
Ⓒ তেজস্ক্রিয় দূষক Ⓓ কণাজাতীয় দূষক Ans Ⓑ

117.মাঝে মধ্যে পুকুরের মাছ পানির ওপরের অংশে হা করে শ্বাস নেয়। এ অবস্থার কারণ কী?
Ⓐ পানির pH এর মান ৭-এর বেশি Ⓑ পানিতে দ্রবীভূত অক্সিজেন খুব কম
Ⓒ পানির pH এর মান কম Ⓓ পানির খরতার মাত্রা বেশি Ans Ⓑ

118.পান করার উপযোগী পানিতে BOD এর গ্রহণযোগ্য মাত্রা কত?
Ⓐ 1–2 Ⓑ 3–5 Ⓒ 6–9 Ⓓ 12–16 Ans Ⓐ

119.ট্যানারি শিল্পের কোন বর্জ্য পানির BOD বৃদ্ধি করে?
Ⓐ অ্যালবুমিন Ⓑ লবণ Ⓒ ক্রোমিয়াম Ⓓ চুন Ans Ⓒ

120.পানির বিশুদ্ধতার মানদণ্ড হিসেবে কোনটির উপর নির্ভর করে?
Ⓐ DOM Ⓑ BOD
Ⓒ COB Ⓓ STD Ans Ⓑ

121.নিম্নের কোন মানটি দূষিত পানির নির্দেশক?
Ⓐ pH মান 6.4–7.4 এর মধ্যে Ⓑ DO মান 6mg/L
Ⓒ BOD মান 2mg/L Ⓓ COD মান 100mg/L Ans Ⓑ

122.EPA এর মানদণ্ডে পানিতে আদর্শ TDS কত?
Ⓐ 100 ppm Ⓑ 200 ppm
Ⓒ 300 ppm Ⓓ 500 ppm Ans Ⓐ

123.পানির বিশুদ্ধতা পরিমাপের মানদণ্ড নয় কোনটি?
Ⓐ SDS Ⓑ DO Ⓒ BOD Ⓓ pH Ans Ⓐ

124.ETP কোন বর্জ্য পরিশোধন করে?
Ⓐ কঠিন Ⓑ তরল Ⓒ গ্যাসীয় Ⓓ ধূলা Ans Ⓑ

125.ETP এর সঠিক পূর্ণরূপ কোনটি?
Ⓐ Effective Temperature and Pressure
Ⓑ Environmental Treatment Plant
Ⓒ Effluent Treatment Plant
Ⓓ Energy Producng Plant Ans Ⓒ

126.কার্বন ডাই অক্সাইডের দুটি প্রধান sink বা গ্রাহক হচ্ছে -
Ⓐ উদ্ভিদ এবং বাতাস Ⓑ সমুদ্র এবং উদ্ভিদ
Ⓒ বনভূমি এবং মাটি Ⓓ উদ্ভিদ এবং জীবাশ্ম জ্বালানি Ans Ⓑ

127.নিম্নলিখিত কোনগুলো শিল্পের গ্যাসীয় বর্জ্য, যা বায়ু দুষণের জন্য দায়ী?
Ⓐ O_2, SO_2, CO_2, N_2, CFC Ⓑ SO_2, CO_2, NO_2, CFC
Ⓒ O_2, N_2, CFC Ⓓ N_2, SO_2, CO_2 Ans Ⓑ

128.'WHO' এর পরিসংখ্যান অনুযায়ী পিপিএম এককে আর্সেনিকের সর্বোচ্চ মাত্রা হলো -
Ⓐ 0.01 Ⓑ 0.04 Ⓒ 0.05 Ⓓ 0.06 Ans Ⓒ

129.আর্সেনিক (III) এনজাইমের কোন কার্যকরী মূলকের সাথে বন্ধন গঠন করে এনজাইমের কার্যক্রমে ব্যাঘাত ঘটে?
Ⓐ –OH Ⓑ –SH
Ⓒ –CHO Ⓓ $–NH_2$ Ans Ⓑ

130.ফটোকেমিক্যাল স্মোগ তৈরিতে কোন বায়ুদূষক ভূমিকা রাখে না?
Ⓐ হাইড্রোকার্বন Ⓑ NO_2 Ⓒ O_3 Ⓓ CFC Ans Ⓓ

131.CO এর সহনীয় মাত্রা কত?
Ⓐ 40 ppm Ⓑ 100 ppm
Ⓒ 500 ppm Ⓓ 1000 ppm Ans Ⓐ

132.বায়ুতে H_2S এর কত ppm মানুষের মৃত্যু ঘটায়?
Ⓐ 20 Ⓑ 30 Ⓒ 40 Ⓓ 50 Ans Ⓓ

133.ইট ভাটায় জ্বালানির অসম্পূর্ণ দহনে নিচের কোন যৌগটি সৃষ্টি হয়?
Ⓐ CO_2 Ⓑ CO
Ⓒ SO_3 Ⓓ NH_3 Ans Ⓑ

134.কোন ধরনের দূষক পানিতে দ্রবীভূত অক্সিজেনের পরিমাণ হ্রাস করে?
Ⓐ অজৈব দূষক Ⓑ জৈব দূষক
Ⓒ তেজস্ক্রিয় দূষক Ⓓ কণা জাতীয় দূষক Ans Ⓑ

135.নিচের কোনটির দূষণে মিনামাতা নামক রোগ সৃষ্টি হয়?
Ⓐ Pb Ⓑ Hg Ⓒ Cd Ⓓ Cr Ans Ⓑ

136.As^{3+}, As^{5+} অপেক্ষা কত গুণ বিষাক্ত?
Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 5 Ⓓ 10 Ans Ⓓ

137.মানব শরীরে নিম্নের কোন ধাতুর আধিক্য রক্তে হিমোগ্লোবিন উৎপাদনের বাধা প্রদান করে?
Ⓐ Cd Ⓑ Cr Ⓒ Fe Ⓓ Pb Ans Ⓓ

138.যানবাহনের ধোঁয়া থেকে কোনটি নির্গত হয়?
Ⓐ বাষ্প Ⓑ অক্সিজেন Ⓒ তামা Ⓓ সীসা Ans Ⓓ

139.কোনটির বিষক্রিয়ার ফলে শরীরের জয়েন্টে তীব্র ব্যাথা অনুভূত হয়?
Ⓐ As Ⓑ Cd Ⓒ Hg Ⓓ Cr Ans Ⓑ

140.কোনটি ভারী ধাতু?
Ⓐ Fe Ⓑ Cd Ⓒ Al Ⓓ K Ans Ⓑ

141.Cd-শরীরে মাত্রাতিরিক্ত থাকলে কী রোগ দেখা দিতে পারে?
Ⓐ হাড়ের ক্ষয় Ⓑ মাথা ব্যাথা
Ⓒ লিভার সিরোসিস Ⓓ ফুসফুসে সমস্যা Ans Ⓓ

Academic & Admission Types of pdf collection

রসায়ন ২য় পত্র

অধ্যায় ২

জৈব রসায়ন

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

জৈব যৌগ : জৈব যৌগ বলতে হাইড্রোজেন ও কার্বন দ্বারা গঠিত (ব্যাতিক্রম HCN) হাইড্রোকার্বন এবং হাইড্রোকার্বন থেকে উদ্ভূত যৌগসমূহকে বোঝায়। এরা সাধারণত সমযোজী বন্ধন দ্বারা গঠিত, উদ্বায়ী, নিম্ন গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বিশিষ্ট।

ক্যাটেনেশন: কার্বনের অসংখ্য পরমাণু নিজেদের মধ্যে যুক্ত হয়ে ছোট বড় বিভিন্ন আকার ও আকৃতির দীর্ঘ শিকল বা বলয় গঠন করার ক্ষমতাকে কার্বনের ক্যাটেনেশন বলে। C পরমাণু sp^3 সংকরনের মাধ্যমে অপর কার্বন পরমাণুর সাথে একক বন্ধন দ্বারা যুক্ত হয়ে সম্পৃক্ত এবং sp^2 ও sp সংকরণের মাধ্যমে দ্বিবন্ধন ও ত্রিবন্ধনের মাধ্যমে অপর কার্বনের সাথে যুক্ত হয়ে অসম্পৃক্ত জৈব যৌগের শিকর তৈরি করে।

সমাণুতা: একই আণবিক সংকেত কিন্তু ভিন্ন গাঠনিক সংকেত বিশিষ্ট যৌগকে পরস্পরের সমাণু বলে এবং ঘটমান বিষয়টিকে সমাণুতা বলা হয়।

পলিমারকরণ : যে বিক্রিয়ায় একই যৌগের বিশেষত অসম্পৃক্ত হাইড্রোকার্বনের বহু সংখ্যক অণু পরপর যুক্ত হয়ে বৃহৎ অণুবিশিষ্ট জৈব যৌগ গঠন করে, সে বিক্রিয়াকে পলিমারকরণ বিক্রিয়া বলা হয় এবং ঘটমান বিষয়টিকে পলিমাকরণ বলে।

বিষমচাক্রিক যৌগ : যেসব চাক্রিক যৌগের বলয়ে কার্বন পরমাণুসহ অপর হেটারো পরমাণু যেমন, অক্সিজেন (O), সালফার (S), নাইট্রোজেন (N) প্রভৃতির এক বা একাধিক পরমাণু অংশ গ্রহণ করে সেসব যৌগকে হেটারোসাইক্লিক যৌগ বলে।

হোমো সাইক্লিক যৌগ : চাক্রিক গঠনে কার্বন এবং হাইড্রোজেন ব্যতিত অন্য মৌল অংশ না নিলে তাকে হোমোসাইক্লিক যৌগ বলে।

কার্যকরী মূলক: জৈব যৌগের কার্যকরী মূলক হলো ঐ যৌগের অণুস্থিত বিশেষ পরমাণু বা মূলক, যা ঐ যৌগের রাসায়নিক বিক্রিয়া নিয়ন্ত্রণ করে এবং সব সমগোত্রকের বেলায় অনুরূপ বিক্রিয়া প্রদর্শন করে।

IUPAC পদ্ধতি: IUPAC হলো (International Union of pure and Applied chemistry) 1892 সালে আন্তর্জাতিক খ্যাতিমান রসায়নবিদরা সুইজারল্যান্ডের জেনেভা শহরে এক সম্মেলনে জৈব যৌগের C-শিকল ও কার্যকরী মূলকভিত্তিক নামকরণের যে কার্যকর বিধিমালা প্রণয়ন করেন, তাকে জেনেভা বা IUPAC পদ্ধতি বলে।

জৈব যৌগের শ্রেণিবিভাগ :



চিত্র : জৈব যৌগের শ্রেণিবিন্যাস

বেনজিনয়েড অ্যারোমেটিক যৌগ : অ্যারোমেটিক যৌগ দুই প্রকার। যথা- i. বেনজিনয়েড অ্যারোমেটিক যৌগ ii. নন-বেনজিনয়েড অ্যারোমেটিক যৌগ। এক বা একাধিক একীভূত বা স্বতন্ত্র বেনজিন বলয় যুক্ত জৈব যৌগ বা বেনজিন উদ্ভূত যৌগকে বেনজিনয়েড অ্যারোমেটিক যৌগ বলে।

নন-বেনজিনয়েড অ্যারোমেটিক যৌগ : যে সমস্ত সমতলীয় বলয়াকৃতি যৌগে বেনজিন বলয় অনুপস্থিত কিন্তু হাকেলের তত্ত্ব অনুযায়ী $(4n + 2)$ সংখ্যক পাই (π) ইলেকট্রন বর্তমান, তাদের নন-বেনজিনয়েড অ্যারোমেটিক যৌগ বলে।

হেটারোসাইক্লিক বা বিষম চাক্রিক অ্যারোম্যাটিক যৌগ : যে সব চক্রাকার যৌগে চক্রের কাঠামোতে কার্বন হাইড্রোজেন ছাড়াও চক্রের অভ্যন্তরে O, S, N প্রভৃতি পরমাণু থাকে তাদেরকে হেটারোসাইক্লিক যৌগ বলে। কার্বন ছাড়া অন্যান্য পরমাণু যেমন: O, S, N পরমাণুকে হেটারো বা বিষম পরমাণু হিসেবে অভিহিত করা হয়। হেটারোসাইক্লিক যৌগ অ্যালিফেটিক বা অ্যারোমেটিক প্রকৃতির হয়ে থাকে।

ক্যাটেনেশন এর শর্ত দুটি :

১। মৌলটির যোজ্যতা অবশ্যই দুই বা দুইয়ের বেশি হতে হবে।

২। মৌলটির পরমাণু একই মৌলের অপর পরমাণুর সাথে যে বন্ধন গঠন করবে তা অপর মৌলের পরমাণু বিশেষ করে অক্সিজেন পরমাণুর সাথে গঠিত বন্ধন অপেক্ষা অধিক শক্তিশালী হতে হবে।

অ্যারোমেটিসিটি : সঞ্চরণশীল $(4n + 2)$ π–ইলেকট্রনের উপস্থিতির কারণে অ্যারোমেটিক যৌগের মধ্যে বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ ধর্মকেই বলা হয় অ্যারোমেটিসিটি বৈশিষ্ট্যপূর্ণ ধর্মগুলো হলো-১। বিশেষ প্রকৃতির অসম্পৃক্ততা, ২। অনুরণন বা রেজোন্যান্স, ৩। সঞ্চরণশীল π ইলেকট্রন, ৪। ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া, ৫। হাকেল নীতি অনুসরণ, ৬। বিশেষ স্থায়িত্ব ইত্যাদি।

➲ **হাকেল নীতি :** এই নীতির মাধ্যমে কোনটি অ্যারোমেটিক যৌগ তা জানা যায়। কোনো মৌলে যদি $(4n + 2)$ সংখ্যক বা এর পূর্ণ গুণিতক সঞ্চরণশীল π ইলেকট্রন থাকে তখন তাকে অ্যারোমেটিক যৌগ বলা হয়। যেখানে n একটি পূর্ণ সংখ্যা। এই নীতি অনুসারে সাইক্লোপ্রোপিন আয়ন, বেনজিন, ফিউরান, ন্যাপথালিন অ্যারোমেটিক যৌগ কিন্তু 1, 3-সাইক্লোবিউটাডাইন এবং 1, 3, 5, 7 সাইক্লো অক্টাট্রাইন যৌগদ্বয় অ্যারোমেটিক যৌগ নয়।

➲ **সমগোত্রীয় শ্রেণি :** একই প্রকার মৌল সমন্বয়ে গঠিত সমধর্মী জৈব যৌগসমূহকে এদের আণবিক ভরের ক্রমবর্ধমান সংখ্যামানে অর্থাৎ অণুস্থিত কার্বন পরমাণু সংখ্যার বৃদ্ধিক্রমে সারিবদ্ধ করে যদি প্রত্যেক পাশাপাশি দুটি যৌগের মধ্যে মিথিলিন ($-CH_2-$) মূলকের পার্থক্য থাকে এবং ঐ যৌগসমূহের সংযুক্তিকে একটি সাধারণ সংকেত দ্বারা প্রকাশ করা যায়, তবে ঐ সারিকে ঐ সব যৌগের সমগোত্রীয় শ্রেণি বা হোমোলগাস সিরিজ বলে।

➲ **হোমোলগ বা সমগোত্রক :** সমগোত্রীয় শ্রেণির প্রত্যেক সদস্যকে সমগোত্রক বা হোমোলগ (homologue) বলে।

➲ **সমগোত্রীয় শ্রেণীর কার্যকরী মূলকের নাম এবং গাঠনিক সংকেত :**

ক্র. নং	সমগোত্রীয় শ্রেণি	কার্যকরী মূলকের নাম	সাধারণ সংকেত	গাঠনিক সংকেত
১	অ্যালকিন	অ্যালকিন বা অলিফিন মূলক	$R_2C=CR_2$	$>C=C<$
২	অ্যালকাইন	অ্যালকাইন বা অ্যাসিটিলিন মূলক	$R-C\equiv C-R$	$-C\equiv C-$
৩	অ্যালকোহল	হাইড্রক্সিল মূলক	$R-OH$	$-O-H$
		1° বা প্রাইমারি অ্যালকোহল মূলক	$R-CH_2OH$	$-\overset{H}{\underset{H}{C}}-OH$
		2° বা সেকেন্ডারি অ্যালকোহল মূলক	R_2CH-OH	$-\overset{H}{C}-OH$
		3° বা টারসিয়ারি অ্যালকোহল মূলক	R_3C-OH	$-\overset{}{C}-OH$
৪	অ্যালডিহাইড	অ্যালডিহাইড মূলক	$R-CHO$	$-\overset{O}{\overset{\|\|}{C}}-H$
৫	কিটোন	কার্বোনিল বা কিটো মূলক	$R-CO-R'$	$>C=O$
৬	কার্বক্সিলিক এসিড	কার্বক্সিলিক এসিড বা ফ্যাটি এসিড মূলক	$R-COOH$	$-\overset{O}{\overset{\|\|}{C}}-OH$
৭	ইথার	ইথার মূলক	$R-O-R'$	$>C-O-C<$
৮	অ্যালকাইল অ্যামিন	অ্যামিনো মূলক	$R-NH_2$	$-\overset{H}{\underset{H}{N}}-H$
৯	এসিড অ্যামাইড	অ্যামাইডো মূলক	$R-CONH_2$	$-\overset{O}{\overset{\|\|}{C}}-\overset{H}{N}-H$
১০	এসিড হ্যালাইড	এসিড হ্যালাইড মূলক	$R-COX$	$-\overset{O}{\overset{\|\|}{C}}-X$
১১	এস্টার	এস্টার মূলক	$R-CO-OR'$	$-\overset{O}{\overset{\|\|}{C}}-O-R'$
১২	এসিড অ্যানহাইড্রাইড	অ্যানহাইড্রাইড মূলক	$(RCO)_2O$	$-\overset{O}{\overset{\|\|}{C}}-O-\overset{O}{\overset{\|\|}{C}}-$
১৩	সায়ানাইড	সায়ানাইড বা নাইট্রাইল মূলক	$R-CN$	$-C\equiv N$
১৪	সালফোনিক এসিড	সালফোনিলিক এসিড মূলক	$-SO_3H$	$-\overset{O}{\overset{\|\|}{S}}-O-H$ (O)
১৫	নাইট্রো যৌগ	নাইট্রো মূলক	$-NO_2$	$-\overset{O}{\uparrow}N=O$
১৬	আইসো থায়োসায়ানেট	আইসো থায়োসায়ানেট মূলক	$-NCS$	$-N=C=S$
১৭	নাইট্রোসো যৌগ	নাইট্রোসো মূলক	$-NO$	$-N=O$
১৮	ফেনল	ফেনলিক মূলক	$Ar-OH$	
১৯	থায়ো যৌগ	থায়ল	$R-SH$	$-S-H$

➲ **অ্যালকেন, অ্যালকিন এবং অ্যালকাইনের সংকরণ, বন্ধন দৈর্ঘ্য, বন্ধন কোণ এবং আকৃতি :**

সমগোত্রীয় শ্রেণি	সংকরিত অরবিটাল	চরিত্র (s)	বন্ধন দৈর্ঘ্য (nm)		বন্ধন কোণ	আকৃতি
			কার্বন-কার্বন	কার্বন-হাইড্রোজেন		
অ্যালকেন	4টি sp^3	25%	0.154	0.110	109.5°	চতুস্তলকীয়
অ্যালকিন	3টি sp^2	33.3%	0.134	0.109	120°	সমতলীয় ত্রিকোণাকার
অ্যালকাইন	2টি sp	50%	0.120	0.106	180°	সরলরৈখিক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সিগমা বন্ধন সংখ্যা নির্ণয় :

১. মাক্রিক নয় এমন যৌগের ক্ষেত্রে, সিগমা বন্ধন = (মোট পরমাণু – 1)। অর্থাৎ মোট পরমাণু থেকে 1 বিয়োগ করতে হবে।

উদাহরণ : i. ইথেনে (C_2H_6) মোট পরমাণুর সংখ্যা 8 টি। সুতরাং সিগমা বন্ধনের সংখ্যা = 8 – 1 = 7 টি

ii. ইথিনে (C_2H_4) মোট পরমাণুর সংখ্যা 6 টি। সুতরাং সিগমা বন্ধনের সংখ্যা = 6 – 1 = 5 টি

iii. ইথাইনে (C_2H_2) মোট পরমাণুর সংখ্যা 4 টি। সুতরাং সিগমা বন্ধনের সংখ্যা = 4 – 1 = 3 টি

২. চাক্রিক যৌগের ক্ষেত্রে, সিগমা বন্ধন = মোট পরমাণুর সংখ্যা।

উদাহরণ : i. বেনজিনে (C_6H_6) মোট পরমাণুর সংখ্যা 12 টি। সুতরাং সিগমা বন্ধনের সংখ্যা = 12 টি

ii. টলুইনে (C_7H_8) মোট পরমাণুর সংখ্যা 15 টি। সুতরাং, সিগমা বন্ধনের সংখ্যা = 15 টি

পাই বন্ধন সংখ্যা নির্ণয় :

একটি দ্বিবন্ধনে একটি পাই বন্ধন এবং একটি ত্রিবন্ধনে দুইটি পাই বন্ধন আছে। যেমন: ইথাইনে (CH≡CH) মোট 2টি পাই বন্ধন আছে।

CH_3CN অনুতে σ এবং π বন্ধনের সংখ্যা যথাক্রমে 5 এবং 2।

ইথিলিন (C_2H_4) অণুতে 5 টি σ বন্ধন আছে।

বেনজিনের বন্ধনসমূহ হলো $12\sigma + 3\pi$।

$\overset{4}{C}H_3-\overset{3}{C}H=\overset{2}{C}H-\overset{1}{C}\equiv N$ যৌগ C পরমাণু 1 ও C পরমাণু 2 এর সংকর অবস্থা যথাক্রমে - sp ও sp^2

$\overset{3}{C}H_3-\overset{2}{C}H=\overset{1}{C}H_2$ যৌগে কার্বন গুলোর সংকরণ হচ্ছে sp^2, sp^3।

সমাণুতা: যেসব যৌগের আণবিক সংকেত এক ও অভিন্ন হওয়া সত্ত্বেও এদের গাঠনিক সংকেতের ভিন্নতার কারণে এবং অণুস্থিত পরমাণুসমূহের ত্রিমাত্রিক বিন্যাসের ভিন্নতার কারণে এদের ভৌত ও রাসায়নিক ধর্মে অন্তত দু-একটা পার্থক্য প্রকাশ পায়, সেসব যৌগকে পরস্পরের সমাণু বলে এবং যৌগের এরূপ ধর্মকে সমাণুতা (Isomerism) বলা হয়।

সমাণুতার শ্রেণিবিভাগ : জৈব যৌগের সমাণুতাকে দুই ভাগে ভাগ করা হয়। যথা: ১. গাঠনিক সমাণুতা ২. ত্রিমাত্রিক বা স্টেরিও সমাণুতা।

গাঠনিক সমাণুতা পাঁচ প্রকার। যথা: ১. শিকল সমাণুতা, ২. কার্যকরী মূলক সমাণুতা, ৩. অবস্থান সমাণুতা, ৪. টটোমারিজম, ৫. মেটামারিজম।

আবার স্টেরিও সমাণুতা দুই প্রকার। যথা- ক. জ্যামিতিক বা সিস- ট্রান্স সমাণুতা খ. আলোক সমাণুতা।

মেটামারিজম: একই সমগোত্রীয় শ্রেণির অন্তর্ভুক্ত সমাণুগুলোতে যখন কার্যকরী মূলকের উভয় পার্শ্বে কার্বন পরমাণু সংখ্যা বা অ্যালকাইল মূলকের সংখ্যার ভিন্নতা থাকে তখন এসব সমাণুকে মেটামার (metamers) বলে এবং তাদের দ্বারা প্রদর্শিত ধর্মের পার্থক্যকে মেটামারিজম বলে।

টটোমারিজম বা, টটোমারিতা : টটোমারিজম প্রক্রিয়ায় সমাণুগুলোতে এক প্রকার কার্যকরী মূলক কাঠামো থেকে স্বতঃস্ফূর্তভাবে ভিন্ন প্রকার কার্যকরী মূলক কাঠামো থেকে স্বতঃস্ফূর্তভাবে ভিন্ন প্রকার কার্যকরী মূলকে রূপান্তরিত হয় এবং উভয় কাঠামো সাম্যবস্থায় বিরাজ করে। এজন্য টটোমারিজমকে গতিশীল কার্যকরী মূলক সমাণুতা বলে।

বেনজিনের পলিজাতকের সমাণুতা :

(i) তিনটি প্রতিস্থাপক একই প্রকার হলে ৩টি সমাণু পাওয়া যায়।

(ii) প্রতিস্থাপক তিনটির মধ্যে দুটি এক প্রকার ও অপরটি ভিন্ন হলে ৬টি সমাণু গঠিত হয়।

(iii) তিনটি প্রতিস্থাপকই পরস্পর ভিন্ন হলে ১০টি সমাণু যৌগ পাওয়া যায়।

জ্যামিতিক সমাণুতা :

জৈব যৌগের কার্বন-কার্বন বন্ধনের অক্ষ বরাবর মুক্ত আবর্তন সম্ভব না হলে তখন ভিন্ন কনফিগারেশন যুক্ত দু'ধরনের যৌগ অণু সৃষ্টি হয়; তাদেরকে জ্যামিতিক সমাণু এবং এরূপ যৌগের ধর্মকে জ্যামিতিক সমাণুতা বলে।

জ্যামিতিক সমাণুতার শর্ত :

১. প্রতিস্থাপিত অ্যালকিনসমূহ জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে।

i. (ab) C = C (ab) এখানে $a \neq b$ উদাহরণ : $CH_3-HC=CH-CH_3$

ii. (ab) C = C (bd) এখানে $a \neq b$ এবং $b \neq d$ উদাহরণ : $CH_3-HC=CH-Cl$

iii. (ab) C = C (de) এখানে $a \neq b$ এবং $d \neq e$ উদাহরণ : $CH_3-HC=C(Cl)\,Br$

২. চাক্রিক যৌগসমূহ জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে।

সিস্ ট্রান্স সমাণুতা :

সিস্ সমাণুতা: অভিন্ন পরমাণু বা মূলকগুলো একই পার্শ্বে অবস্থান করে।

ট্রান্স সমাণুতা: অভিন্ন পরমাণু বা মূলকগুলো বিপরীত পার্শ্বে অবস্থান করে।



cis-(সিস্) সমাণু



trans-(ট্রান্স) সমাণু

আলোক সক্রিয় যৌগ : যে সব জৈব যৌগের দুই বা ততোধিক ভিন্ন কনফিগারেশনযুক্ত ভিন্ন সমাণু 'এক-সমতলীয়' আলোর প্রতি ভিন্নরূপ আচরণ করে, ঐসব যৌগকে আলোক সক্রিয় যৌগ বলে। আলোক সক্রিয়তা পরীক্ষা করার যন্ত্রের নাম পোলারিমিটার।

আলোক সমাণুতার শর্ত : ১.অপ্রতিসম কার্বন পরমাণু বা কাইরাল কেন্দ্র থাকতে হবে। ২. দর্পণ প্রতিবিম্ব পরস্পরের উপর সমপাতিত হবে না।

Academic to Admission all types of pdf collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

➲ **এনানসিওমার :** যে আলোক সমাণুদ্বয় সমাবর্তিত আলোর তলকে একই মাত্রায় অর্থাৎ একই আবর্তন কোণে পরস্পর বিপরীত দিকে আবর্তন করে এবং তাই তাদের সমমোলার মিশ্রণের আবর্তন মাত্রা প্রশমিত হয়ে শূন্য হয়ে যায় তাদেরকে পরস্পরের এনানসিওমার বা এনানসিওমর্ফ বলে। এদেরকে অ্যান্টিমার বা অ্যান্টিপডও বলা হয়। যেমন d-ল্যাকটিক এসিড ও l-ল্যাকটিক এসিড তল সমাবর্তিত আলোর তলকে একই কোণে (2.24°) যথাক্রমে ডানে ও বামে আবর্তন করে।

➲ **রেসিমিক মিশ্রণ :** দুটি এনানসিওমার যেমন : d ল্যাকটিক এসিড ও l ল্যাকটিক এসিড উভয় এক সমতলীয় আলোর তলকে সমান কৌনিক পরিমাণে বিপরীত দিকে ঘুরায় তাই d সমানু ও l সমানুর সমপরিমাণে মিশ্রণ পরস্পরের বিপরীত ঘূর্ণন ক্রিয়াকে বিনষ্ট করে থাকে। ফলে d ও l সমানুর এই সমতুল মিশ্রণ আলোক নিষ্ক্রিয় হয় এরূপ সমতুলকে রেসিমিক মিশ্রণ এবং প্রক্রিয়াটিকে রেসিমিকরণ বলে। সম মোলার এনানসিওমার যৌগের মিশ্রণই রেসিমিক মিশ্রণ। এটি একটি আলোক নিষ্ক্রিয় মিশ্রণ।

➲ **মেসোযৌগ :** কোন যৌগের দুটি অংশ যদি অনুরূপ হয় তবে একাংশ অন্য অংশের আবর্তন মাত্রাকে প্রশমিত করে দেয়। ফলে ঐ যৌগ আলোক নিষ্ক্রিয় হয়। একে মেসো যৌগ বলে। যেমন: টারটারিক এসিড।



➲ **ডায়াস্টেরিওমার :** দুটি অসদৃশ অপ্রতিসম কার্বনযুক্ত দুটি আলোক সক্রিয় যৌগ যদি পরস্পরের দর্পণ প্রতিবিম্বের মতো আচরণ না করে তবে তাদেরকে পরস্পরের ডায়াস্টেরিওমার বলে।



➲ **জৈব যৌগে মূল ৪ শ্রেণির বিক্রিয়া :** (১) সংযোজন (ইলেকট্রোফিলিক ও নিউক্লিওফিলিক), (২) প্রতিস্থাপন (ইলেকট্রোফিলিক ও নিউক্লিওফিলিক), (৩) অপসারণ (৪) সমাণুকরণ বিক্রিয়া।

➲ **জৈব বিক্রিয়ার 'সাবস্ট্রেট':** জৈব বিক্রিয়ার মূল কৌশল হলো কার্বন গঠিত যৌগ বা জৈব যৌগের ওপর দ্বিতীয় কোনো পদার্থ আক্রমণ করে জৈব বিক্রিয়া সংঘটিত করে থাকে। প্রথমোক্ত কার্বন গঠিত যৌগকে 'সাবস্ট্রেট' (Substrate-অর্থাৎ নিচে অবস্থানকারী) বলে।

➲ **ফ্রি রেডিকেল :** সমযোজী সিগমা বন্ধনের সুষম বিভাজনের ফলে সৃষ্ট বিজোড় ইলেকট্রন সংবলিত কোন পরমাণু বা মূলককে মুক্ত পরমাণু জোট বা ফ্রি রেডিকেল বলে। ফ্রি রেডিকেল হোমোলাইটিক ফিশান প্রক্রিয়ায় সংগঠিত হয়। যেমন: $Cl_2 \rightarrow Cl\text{–}Cl \rightarrow 2Cl^{\circ}$ (ক্লোরিন ফ্রি রেডিকেল)।

ফ্রি রেডিকেলের সক্রিয়তার ক্রম : $\dot{C}H_3 > R\dot{C}H_2 > R_2\dot{C}H > R_3\dot{C}$

➲ **ফ্রি রেডিকেলের বৈশিষ্ট্যগুলো :**

১. ফ্রি রেডিকেলে কোন আধান বা চার্জ থাকে না। কেননা এদের ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান।
২. এরা স্বল্প স্থায়ী বা অস্থায়ী।
৩. এরা খুবই সক্রিয় কারণ এরা অষ্টক লাভের জন্য একটি ইলেকট্রন গ্রহণ করতে পারে।
৪. এরা বিক্রিয়ায় অন্তর্বর্তী প্রজাতি হিসাবে কাজ করে।

➲ **কার্বোক্যাটায়ন :** একক ধনাত্মক চার্জের কার্বন পরমাণুযুক্ত জৈব আয়নকে কার্বোনিয়াম আয়ন বা কার্বোক্যাটায়ন বলে। কার্বোনিয়াম আয়নসমূহের স্থায়িত্ব ক্রম : $^{+}CR_3 > {}^{+}CHR_2 > {}^{+}CH_2R > {}^{+}CH_3$

➲ **কার্বানায়ন :** সমযোজী বন্ধনের বিষম বিভাজনের ফলে সৃষ্ট ঋণাত্মক আধানযুক্ত কার্বন পরমাণুবিশিষ্ট জৈব আয়নকে কার্বানায়ন বলে। যেমন, মিথাইল কার্বানায়ন: $\bar{C}H_3$

ইথাইল কার্বানায়ন: $\bar{C}H_2CH_3$

➲ **ইলেকট্রোফাইল :** যে সকল বিকারক ইলেকট্রনের প্রতি আসক্তি প্রকাশ করে এবং বিক্রিয়াকালে ইলেকট্রন গ্রহণ করে তাদেরকে ইলেকট্রোফাইল বলে।

➲ **ধনাত্মক ইলেকট্রোফাইল :**

১. কার্বোক্যাটায়ন ($\overset{\oplus}{R}CH_2$, $R_2\overset{\oplus}{C}H$, $R_3\overset{\oplus}{C}$, $\overset{\oplus}{C}H_3$)

২. ব্রোমোনিয়াম আয়ন ($Br^{\oplus}$) 3. নাইট্রোনিয়াম আয়ন ($\overset{\oplus}{N}O_2$)

৪. ক্লোরোনিয়াম আয়ন ($Cl^{\oplus}$) ৫. হাইড্রোনিয়াম আয়ন ($H_3O^{\oplus}$)
৬. হ্যালোনিয়াম আয়ন (X^{+})

৭. প্রোটন (H^{+}) ৮. ফিনাইল ডায়াজোনিয়াম আয়ন($Ph\overset{+}{N}_2$)

➲ **প্রশম ইলেকট্রোফাইল :** ১. বোরন ট্রাইফ্লোরাইড (BF_3) ২. অ্যালুমিনিয়াম ট্রাইক্লোরাইড ($AlCl_3$) ৩. বোরন ট্রাইব্রোমাইড (BBr_3) ৪. ট্রাইমিথাইল বোরন $B(CH_3)_3$ ৫. বোরন ট্রাইক্লোরাইড (BCl_3) ৬. ফেরিক ক্লোরাইড ($FeCl_3$) ৭. কার্বন ডাই অক্সাইড (CO_2) ৮. ব্রোমিন (Br_2) ৯. সালফার ট্রাইঅক্সাইড (SO_3) ১০. সালফার ডাই অক্সাইড (SO_2)

➲ **নিউক্লিওফাইল :** যে সকল বিকারক বিক্রিয়াকালে ধনাত্মক কেন্দ্র বা নিউক্লিয়াসের প্রতি আকৃষ্ট হয় এবং ইলেকট্রন দান করতে পারে তাদেরকে নিউক্লিওফাইল বলে।

Available for Admission all types of pdf collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ঋণাত্মক নিউক্লিওফাইল :

১. কার্বানায়ন ($R\overset{\ominus}{C}H_2$, $R_2\overset{\ominus}{C}H$, $R_3\overset{\ominus}{C}$) ২. ব্রোমাইড আয়ন ($Br^{\ominus}$) ৩. ক্লোরাইড আয়ন ($Cl^{\ominus}$)

৪. হাইড্রোক্সাইড আয়ন (OH^-) ৫. অ্যালকক্সাইড আয়ন ($RO^{\ominus}$) ৬. সায়ানাইড আয়ন ($\overset{\ominus}{C}N$) ৭. ফিনোক্সাইড আয়ন (PhO^-)

ধনাত্মক নিউক্লিওফাইল :

১. পানি (H_2O) ২. হ্যালোজেন অ্যাসিড (HX) ৩. ইথার (R–O–R)
৪. গ্রিগনার্ড বিকারক (RMgX) ৫. ক্লোরোহাইড্রিন (H–O–Cl)
৬. অ্যামোনিয়া (NH_3) ৭. অ্যালকোহল (R–OH)
৮. প্রাইমারী অ্যামিন (RNH_2, CH_3NH_2)

অপসারণ বিক্রিয়া : অ্যালকাইল হ্যালাইডের চেইন শাখায়িত হলে অ্যালকিন এবং চেইন সরল হলে ইথার গঠনের প্রবণতা দেখা যায়। ইথানলীয় KOH দ্রবণের সঙ্গে উত্তপ্ত করলে–

(i) ব্রোমো ইথেন থেকে 90% ডাই ইথাইল ইথার উৎপন্ন হয়।

$$CH_3–CH_2–Br + KOH\,(alc) \xrightarrow{\Delta} \underset{(90\%)}{CH_3–CH_2–O–CH_2–CH_3} + \underset{(10\%)}{CH_2=CH_2} + KBr + H_2O$$

(ii) 2-ব্রোমো প্রোপেন (iso-প্রোপাইল ব্রোমাইড) থেকে 80% প্রোপিন উৎপন্ন হয়।

$$CH_3–\underset{\underset{Br}{|}}{CH}–CH_3 + KOH(alc) \xrightarrow{\Delta} \underset{(80\%)}{CH_3–CH=CH_2} + KBr + H_2O$$

সাইজেফ নীতি : হ্যালোজেনো অ্যালকেন এর হ্যালোজেনযুক্ত কার্বনের সন্নিহিত যে β-কার্বন পরমাণুতে কমসংখ্যক হাইড্রোজেন থাকে প্রধানত তা থেকে হাইড্রোজেন এবং পাশের কার্বনের হ্যালোজেন মিলে HX অপসারিত হয়ে অ্যালকিন গঠন করে। 2-ব্রোমো বিউটেনকে KOH এর ইথানলীয় দ্রবণসহ উত্তপ্ত করলে 80% বিউটিন-2 গঠিত হয়। এর সঙ্গে মাত্র 20% বিউটিন-1 উৎপন্ন হয়।

$$\overset{\beta}{CH_3}–\underset{\underset{Br}{|}}{\overset{\alpha}{CH}}–\overset{\beta}{CH_2}–\overset{\gamma}{CH_3} + KOH(alc) \xrightarrow{\Delta} \underset{\text{বিউটিন-2}\ (80\%)}{CH_3–CH=CH–CH_3} + \underset{\text{বিউটিন-1}\ (20\%)}{CH_2=CH–CH_2–CH_3} + KBr + H_2O$$

অর্থো-প্যারা নির্দেশক গ্রুপ : যে সকল পরমাণু বা পরমাণু গ্রুপ বেনজিন চক্রে উপস্থিত থাকলে নবাগত প্রতিস্থাপক অর্থো ও প্যারা অবস্থানে নির্দেশিত হয় তাদেরকে অর্থো-প্যারা নির্দেশক বলে। উদাহরণ: –R(–CH_3, –C_2H_5), –X(–F, –Cl, –Br, –I), –OH, –NH_2, –NHR, –NR_2, –OR, –OCH_3 ইত্যাদি।
চেনার উপায় : যেসব মূলকের মধ্যে একক বন্ধন থাকে তারা সাধারণত অর্থো-প্যারা নির্দেশক।

মেটা নির্দেশক গ্রুপ : যে সকল গোষ্ঠীর উপস্থিতিতে বেনজিন চক্রে নবাগত প্রতিস্থাপক মেটা অবস্থানে নির্দেশিত হয় তাদেরকে মেটা নির্দেশক গ্রুপ বলে। উদাহরণ: –NO_2, –CO–, –CHO, –COOH, –COR, –SO_3H, –CN, –$CONH_2$ ইত্যাদি। টেকনিক: যেসব মূলকে দ্বিবন্ধন বা ত্রিবন্ধন বিদ্যমান থাকে তারা সাধারণত মেটা নির্দেশক হয়।

সক্রিয়তার ভিত্তিতে অর্থো/প্যারা নির্দেশক এবং মেটা নির্দেশক গ্রুপ :

অর্থো/প্যারা নির্দেশক গ্রুপ	
তীব্র সক্রিয়তা বৃদ্ধিকারী	–NR_2, –NHR, –NH_2, –OH
মধ্যম সক্রিয়তা বৃদ্ধিকারী	–OR, –OAr, –NHCOR, –NHCOAr
মৃদু সক্রিয়তা বৃদ্ধিকারী	–C_2H_5, –CH_3, –C_6H_5
মৃদু সক্রিয়তা হ্রাসকারী	–F, –Cl, –Br, –I
মেটা নির্দেশক গ্রুপ	
তীব্র সক্রিয়তা হ্রাসকারী	$-\overset{\oplus}{N}R_3$, –NO_2, –CF_3, –CCl_3
মধ্যম সক্রিয়তা হ্রাসকারী	–CN, –SO_3H, –CHO, –COR, –COOR, –COOH

আবেশীয় (Inductive) প্রভাব : বেনজিন বলয়ে C পরমাণুর সাথে যুক্ত x পরমাণুর দ্বারা σ-বন্ধনের পোলারিকরণকে x এর আবেশীয় ধর্ম বলে। যদি কার্বন অপেক্ষা x অধিক তড়িৎঋণাত্মক হয় (যেমন- F, Cl, Br) তখন x এর আবেশীয় ধর্মকে ঋণাত্মক আবেশীয় ফল (–I) বলে। আবার অ্যালকাইলমূলক R– (যেমন- CH_3–, C_2H_5–) থেকে ইলেক্ট্রনের ঘনত্ব σ-বন্ধনের C পরমাণুর দিকে সরে যায়, তাকে অ্যালকাইল মূলকের ধনাত্মক আবেশীয় ফল (+I) বলে।

মেসোমারিক ফল : C পরমাণু ও অধিক তড়িৎঋণাত্মক মৌলের (O) পরমাণুর মধ্যবর্তী π বন্ধন পোলারিত হয়ে পড়ে। অধিক তড়িৎঋণাত্মক পরমাণুর দিকে π বন্ধনের ইলেক্ট্রন স্থানান্তরকে মেসোমারিক ফল বলে।

ঋণাত্মক মেসোমারিক ফল : ঋণাত্মক পরমাণু বা মূলকের দিকে π ইলেক্ট্রনের স্থায়ী স্থানান্তরকে ঋণাত্মক মেসোমারিক ফল (– M) বলে। যেমন: >C=O, –C≡N, –NO_2, –SO_3H ইত্যাদি –M ফল আছে।

ধনাত্মক মেসোমারিক ফল : ঋণাত্মক পরমাণুর নিঃসঙ্গ ইলেক্ট্রন যুগল দ্বিবন্ধনযুক্ত কার্বন শিকল বা বলয়ের দিকে স্থানান্তরিত হলে, তাকে ধনাত্মক মেসোমারিক ফল (+M) বলে। যেমন: –$\ddot{O}H$, –H_2, –$HCOCH_3$, –$\ddot{C}l$:

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

একনজরে এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিক্রিয়াসমূহ

যুত বিক্রিয়া : যে বিক্রিয়ায় কোনো যৌগের অসম্পৃক্ত স্থানে অর্থাৎ দ্বিবন্ধনে বা ত্রিবন্ধনে (যেমন- C = C, C = O, C ≡ C, C ≡ N) নতুন পরমাণু বা গ্রুপ যুক্ত হয় এবং যৌগটি হতে অসম্পৃক্ততা দূর হয় অথবা অসম্পৃক্ততার পরিমাণ হ্রাস পেয়ে একটিমাত্র উৎপাদ তৈরি হয় তাকে যুত বিক্রিয়া বলে।

যুত বিক্রিয়া আবার দুই প্রকার। যথা- i. ইলেকট্রনাকর্ষী যুত বিক্রিয়া; ii. কেন্দ্রাকর্ষী যুত বিক্রিয়া।

i. ইলেকট্রনাকর্ষী যুত বিক্রিয়া : যে যুত বিক্রিয়ায় প্রথম বিক্রিয়কের কার্যকরী মূলকের সাথে ইলেকট্রনাকর্ষী বিকারক (Electrophile) যুক্ত হয় এবং পরে কেন্দ্রাকর্ষী বিকারক (Nucleophile) যুক্ত হয়ে চূড়ান্ত উৎপাদ গঠন করে তাকে ইলেকট্রনাকর্ষী যুত বিক্রিয়া বলে। অ্যালকিন (C_nH_{2n}), অ্যালকাইন (C_nH_{2n-2}) সাধারণত ইলেকট্রনাকর্ষী যুত বিক্রিয়া দেয়। যেমন, প্রোপিনের সাথে HBr এর বিক্রিয়া একটি ইলেকট্রনাকর্ষী যুত বিক্রিয়া।

$$\underset{\text{প্রোপিন}}{CH_3-CH=CH_2} + H^+Br^- \longrightarrow \underset{\text{2-ব্রোমোপ্রোপেন}}{CH_3-\underset{Br}{\underset{|}{CH}}-CH_3}$$

ii. কেন্দ্রাকর্ষী যুত বিক্রিয়া : যে যুত বিক্রিয়ায় বিক্রিয়কের সাথে প্রথমে কেন্দ্রাকর্ষী বিকারক যুক্ত হয় তাকে কেন্দ্রাকর্ষী যুত বিক্রিয়া বলে। কার্বনিল যৌগ (অ্যালডিহাইড ও কিটোন) এবং এসিডজাতকসমূহ সাধারণত কেন্দ্রাকর্ষী যুত বিক্রিয়া দেয়। যেমন, ইথান্যালের সাথে HCN এর বিক্রিয়া একটি কেন্দ্রাকর্ষী যুত বিক্রিয়া।

$$\underset{\text{ইথান্যাল}}{CH_3-\underset{H}{\underset{|}{C}}=O} + H^+CN^- \longrightarrow \underset{\text{ইথান্যাল সায়ানোহাইড্রিন}}{CH_3-\underset{CN}{\underset{|}{\underset{H}{\underset{|}{C}}}}-OH}$$

প্রতিস্থাপন বিক্রিয়া : যে বিক্রিয়ায় কোনো বিক্রিয়কের কোনো পরমাণু বা মূলক উপযুক্ত পরমাণু বা মূলক দ্বারা প্রতিস্থাপিত হয়ে নতুন উৎপাদ গঠন করে তাকে প্রতিস্থাপন বিক্রিয়া বলে। প্রতিস্থাপন বিক্রিয়া প্রধানত দুই প্রকার যথা- i. ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া; ii. কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া।

i. ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া : যে প্রতিস্থাপন বিক্রিয়ায় বিক্রিয়কের কোনো পরমাণু বা মূলক ইলেকট্রনাকর্ষী বিকারক দ্বারা প্রতিস্থাপিত হয় তাকে ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া বলে। যেমন- বেনজিন এবং তার জাতকসমূহ ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ায় অংশগ্রহণ করে। যেমন, বেনজিন, ক্লোরিনের সাথে হ্যালোজেন বাহকের উপস্থিতিতে ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ার মাধ্যমে ক্লোরোবেনজিন উৎপন্ন করে।

$$\underset{\text{বেনজিন}}{C_6H_6} + Cl_2 \xrightarrow{\text{শুষ্ক } AlCl_3} \underset{\text{ক্লোরোবেনজিন}}{C_6H_5Cl} + HCl$$

ii. কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া : যে প্রতিস্থাপন বিক্রিয়ায় বিক্রিয়কের কোনো পরমাণু বা মূলক কেন্দ্রাকর্ষী বিকারক দ্বারা প্রতিস্থাপিত হয় তাকে কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া বলে। যেমন- অ্যালকাইল হ্যালাইডসমূহ ক্ষারের জলীয় দ্রবণের সাথে কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ায় অংশগ্রহণ করে থাকে।

$$\underset{\text{অ্যালকাইল হ্যালাইড}}{R-X} + KOH\,(aq) \longrightarrow \underset{\text{অ্যালকোহল}}{R-OH} + KX$$

উদাহরণ : $\underset{\text{1-ক্লোরোইথেন}}{CH_3-CH_2-Cl} + KOH(aq) \longrightarrow \underset{\text{ইথানল}}{CH_3CH_2OH} + KCl$

অপসারণ বিক্রিয়া : যে বিক্রিয়ায় কোনো বিক্রিয়ক এর পাশাপাশি দুটি কার্বন হতে দুটি পরমাণু বা ক্ষুদ্র কোনো অণু অপসারিত হয়ে জৈব অণুতে দ্বি-বন্ধন বা ত্রিবন্ধন সৃষ্টি করে অর্থাৎ সম্পৃক্ত যৌগ অসম্পৃক্ত যৌগে পরিণত হয় তাকে অপসারণ বিক্রিয়া বলে। যেমন- অ্যালকাইল হ্যালাইডকে গাঢ় অ্যালকোহলীয় ক্ষারসহ উত্তপ্ত করে অপসারণ বিক্রিয়ার মাধ্যমে অ্যালকিন গঠন করে।

$$\underset{\text{অ্যালকাইল হ্যালাইড}}{R-CH_2-CH_2-Cl} + KOH\,(alc) \xrightarrow{\Delta} \underset{\text{অ্যালকিন}}{R-CH=CH_2} + KCl + H_2O$$

উদাহরণ : $\underset{\text{1-ক্লোরোপ্রোপেন}}{CH_3-CH_2-CH_2-Cl} + KOH(alc) \longrightarrow \underset{\text{প্রোপিন-1}}{CH_3-CH=CH_2} + KCl + H_2O$

সমাণুকরণ বিক্রিয়া : যে বিক্রিয়ায় কোনো পদার্থের অণুস্থিত পরমাণুসমূহ উত্তাপে বা উপযুক্ত অণুঘটকের উপস্থিতিতে পরস্পরের সাথে পুনর্বিন্যস্ত হয়ে নতুন অণু সৃষ্টি করে তাকে সমাণুকরণ বিক্রিয়া বলে। যেমন- অ্যামোনিয়াম সায়ানেটকে উত্তপ্ত করলে এর পরমাণুসমূহ পুনর্বিন্যস্ত হয়ে ইউরিয়া গঠন করে।

$$\underset{\text{অ্যামোনিয়াম সায়ানেট}}{NH_4CNO} \xrightarrow{\Delta} \underset{\text{ইউরিয়া}}{H_2N-CO-NH_2}$$

ডিকার্বক্সিলেশন বিক্রিয়া : সোডালাইম সহযোগে ফ্যাটি এসিডের সোডিয়াম লবণকে উত্তপ্ত করলে এটি বিয়োজিত হয়ে প্যারাফিন (স্বল্প আসক্তিসম্পন্ন যৌগ) উৎপন্ন করে। এই বিক্রিয়াকে ডিকার্বক্সিলেশন বিক্রিয়া বলে। প্রাপ্ত হাইড্রোকার্বনে কার্বনের পরমাণুর সংখ্যা, ব্যবহৃত এসিডের (লবণ) কার্বন সংখ্যা অপেক্ষা এক কম হয়।

$$RCOONa + NaOH \xrightarrow[\Delta]{CaO} RH + Na_2CO_3$$

উদাহরণ : $CH_3COONa + NaOH \xrightarrow[\Delta]{CaO} CH_4 + Na_2CO_3$

উর্টজ বিক্রিয়া : সাধারণ তাপমাত্রায় ইথার মাধ্যমে অ্যালকাইল হ্যালাইড ও সোডিয়াম ধাতু বিক্রিয়া করে অ্যালকেন বা প্যারাফিন গঠন করে; একে উর্টজ বিক্রিয়া বলে। উৎপন্ন অ্যালকেনে প্রারম্ভিক অ্যালকাইল হ্যালাইডের দ্বিগুণ পরিমাণ কার্বন পরমাণু থাকে।
